

দৈনিক
বীরভদ্রা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ শুক্রবার ॥ ২৫ সেপ্টেম্বর ২০২৬ ॥ ১৩ রবিঃ সানিঃ ১৪৪৮ ॥ ১২ আশ্বিন ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ১১১ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

শায়েস্তাবাদে গলাটিপে শাশুড়িকে
হত্যা করায় পুত্রবধূকে আটক
বাবুগঞ্জে গৃহবধূর বুলন্ত মরদেহ উদ্ধার

A close-up photograph of a hand emerging from a white sheet. The hand is positioned palm-down, with the fingers curled into a tight fist, suggesting a death grip. The skin appears pale and the lighting is dramatic, highlighting the texture of the skin and the fabric of the sheet.

নগরিতে ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন বিসিপি ম্যাগিষ্ট্রেট রায়হান উজ জামান -কীর্তনখোলা

ফের কমেছে এলএনজি সরবরাহ

গ্যাস সংকটের আশঙ্কা

কীর্তনখোলা ডেস্ক

বঙ্গোপসাগরে বিরূপ আবহাওয়ার কারণে কক্সবাজারের মৎশেখালী এলাকায় আমদানিকৃত তেলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) খালাস কার্যক্রমে বিঘ্ন সৃষ্টি হয়েছে। এর প্রভাবে জাতীয়

গ্যাস গ্রিডে পুনরায় গ্যাস সরবরাহ কমে গেছে। মাত্র তিন দিনের ব্যবধানে জাতীয় গ্রিডে মোট গ্যাস সরবরাহ প্রায় ২৯০ মিয়ান ঘন্ট (এমএসপিএফটি) কমে গেছে। বুধবারের (২৪ সেক্টর)

এক বার্তায় এ তথ্য জানায় পেট্রোবাংলা। বার্তায় বলা হয়, কক্সবাজারের মৎশেখালী এলাকায় দুর্ঘটাপূর্ণ আবহাওয়ার কারণে আবাদানিকৃত এলএনজি কার্গো থেকে ভাসমান টানারিন্স এলএনজি ২৬০০ পাতায় দেন্দু

দৈনিক ফীর্ডনাখালা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যিক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য ঝালকাঠি জেলা: নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, ভোলা জেলা: তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাজিরপুর, নেছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যিক। গ্রাহ্যিকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

—মফবল সন্দাদক
০১৩০৪১৬৮৪১৯

মম্মাদকীয় শিক্ষিত বেকার বাড়ছে

দেশে প্রতিবছর লাখে লাখে তরুণ-তরুণী উচ্চশিক্ষার সনদ দিয়ে শ্রমবাজারে প্রবেশ করছে। কিন্তু চাহিদা অনুযায়ী কাজ পাচ্ছেন না। সাম্প্রতিক বছরগুলোয় আমাদের মতো দেশের জন্য এটিই নির্মম বাস্তবতা। আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) গবেষণার বরাত দিয়ে জানিয়েছে, দেশে ১৫ থেকে ২৪ বছর বয়সী উচ্চশিক্ষিত তরুণদের মধ্যে প্রায় ৩৬ শতাংশই বেকার। আরো উদ্বেগজনক তথ্য হলো, দেশের সামগ্রিক তরুণ বেকারত্বের হার যেখানে প্রায় ১০ শতাংশ, সেখানে উচ্চশিক্ষিত তরুণদের বেকারত্বের হার সাড়ে তিন গুণ। আইএমএফের ‘ফিন্যান্স অ্যান্ড ডেভেলপমেন্ট’ সাময়িকীর সেক্টম্বর সংখ্যায় এ গবেষণা প্রতিবেদন প্রকাশ করা হয়েছে। সেখানে এশিয়ার বিভিন্ন দেশের তরুণদের বেকারত্ব পরিহিত বিশ্লেষণ করা হয়েছে। এতে দেখা যায়, এশিয়াজুড়ে তরুণদের বেকারত্ব একটি বড় সমস্যা হলেও সবচেয়ে বেশি বেকারত্ব দেখা যাচ্ছে উচ্চশিক্ষিত তরুণদের মধ্যে। দক্ষিণ এশিয়ায় শ্রীলঙ্কায় উচ্চশিক্ষিত তরুণদের বেকারত্ব সবচেয়ে বেশি, প্রায় ৪৩ শতাংশ। ভারতে এই হার প্রায় ৪২ শতাংশ এবং বাংলাদেশে ৩৬ শতাংশ। অন্যদিকে দক্ষিণ-পূর্ব এশিয়ায় দেশগুলোতে হার তুলনামূলক কম। ইন্দোনেশিয়ায় প্রায় ১৮ শতাংশ, ভিয়েতনামে ১৬ শতাংশ, মালয়েশিয়া ও থাইল্যান্ডে ১৩ শতাংশ করে এবং ফিলিপাইনে প্রায় ১২ শতাংশ উচ্চশিক্ষিত তরুণ বেকার। সিঙ্গাপুরে এই হার প্রায় ৮ শতাংশ। প্রতিবেদনে বাংলাদেশে শিক্ষিত তরুণদের বেকারত্বের কারণ হিসেবে চাকরির বাজারের সঙ্গে শিক্ষার অসামঞ্জস্যকে চিহ্নিত করা হয়েছে। আইএমএফ এ পরিস্থিতি ‘গ্যাজুয়েট গ্লাট’ বা অতিরিক্ত স্নাতক তৈরির কারণ হিসেবে উল্লেখ করেছে। এর সঙ্গে নতুন চ্যালেঞ্জ হিসেবে যুক্ত হচ্ছে কৃত্রিম বুদ্ধিমত্তা। আইএমএফ বলছে, কৃত্রিম বুদ্ধিমত্তা উৎপাদনশীলতা বাড়াতে পারে। তবে দক্ষতা বাড়ানোর চেয়ে দ্রুত এ প্রযুক্তি গ্রহণ করা হচ্ছে তরুণদের শ্রমবাজারে চাপ আরো বাড়তে পারে। দেশের ওয়াকিফহালা মহল দীর্ঘদিন থেকেই আমাদের শিক্ষাব্যবস্থার নানা অসংগতির কথা বলে আসছেন। বিশেষ করে সনদনির্ভর শিক্ষাব্যবস্থা আমাদের তরুণ প্রজন্মকে বড় পিপাকে ফেলে দিয়েছে। একদিকে কাঁড়ি কাঁড়ি টাকা খরচ করে একজন তরুণ উচ্চশিক্ষা গ্রহণ করে, এই আশায় যে ভবিষ্যতে একটি ভালো চাকরি পাবেন। পরিবারও সর্বস্ব দিয়ে সন্তানকে মানুষ করতে চায়। কিন্তু পড়ালেখা শেষ করে দেখা যায় চাকরি নেই।

আলাম ত থেকে কিছু অস্ত্র-গুলি

খরচ হতো, তা রেজিস্টারে লিপিবদ্ধ করা হতো। তবে জিয়া স্যার কিছু অতিরিক্ত অস্ত্র-গুলি আমাদের দপ্তরে (বরিশালের র‍্যাব-৮) দিয়ে রেখেছিলেন আর কোনো হিসাব রক্ষণাবেক্ষণ করা হতো না। জিয়াউল আহসান ওই অস্ত্র-গুলি কোথা থেকে আনতেন, সে বিষয়ে মেজর (অব.) সাকির রহমান বলেন, ‘এই অতিরিক্ত অস্ত্র-গুলিগুলো আনা হয়েছিল ১০ ট্রাক অস্ত্র মামলার জন্মকৃত আলমাত থেকে। ১০ ট্রাক অস্ত্র মালগামী কী কী অস্ত্র ছিল, তা আমরা জানা নেই।’ বিগত আওয়ামী লীগ সরকারের সময় শতাব্দিক ব্যক্তিকে গুম ও হত্যার ঘটনায় মেজর জেনারেল (অব.) জিয়াউল আহসানের বিরুদ্ধে করা মানবতাবিরোধী অপরাধের মামলার ১৩তম সাক্ষী সাকির রহমান। ১৭ সেপ্টেম্বর ট্রাইব্যুনালে সাকির রহমানের জবানবন্দি গ্রহণ করা হয়। তাঁকে জেরা করেন আসামিফক্সের আইনজীবী মো. সাহিদুর রহমান। ২০০৯ সালের অক্টোবরে সাকির রহমান র‍্যাব-৮ বরিশালে উপ-অধিনায়ক হিসেবে যোগ দেন। তখন র‍্যাবের মহাপরিচালক ছিলেন হাসান মাহমুদ বন্দকার এবং গোয়েন্দা শাখার পরিচালক ছিলেন তৎকালীন লেফটেন্যান্ট কর্নেল জিয়াউল আহসান। ২০১৩ সাল পর্যন্ত সাকির র‍্যাবে দায়িত্ব পালন করেন। সাবেক সেনা কর্মকর্তা জিয়াউল আহসানের কাছ থেকে আলকাছ মারিফে ‘এলিমিনেট’ (হত্যা) করার নির্দেশ পাওয়ার পর তা প্রকাশ্যে কিংবা গোপনে লিখিতভাবে উর্দুরন লেখনে কর্তৃপক্ষকে অবহিত করেননি বলে জেরায় উল্লেখ করেছেন মেজর (অব.) সাকির রহমান ওসমানী। জেরায় তিনি বলেন, ‘কারণ, আমার ভয় ছিল যে তাহলে আমার পরিণতিও আলকাছ মারিফ মতোই হবে।’ ১৭ সেপ্টেম্বর জবানবন্দিতে মেজর (অব.) সাকির রহমান ওসমানী বলেন, ২০১১ সালের জুন মাসে জিয়াউল আহসান তাঁকে ফোন করেন। ফোনে ‘গলফ কাডজে’ কোনো ব্যক্তিকে হত্যার পর গ্রেট স্ট্রেট সিমেন্টের বস্তা বেঁধে মদীতে বা সাগরে ফেলে দিয়ে লাশ গুম করাকে গলফ অপারেশন বলা হতো। রোগ্যপ্রাপ্ত মারিফের অন্যতম আলকাছ মারিফ বিষয়ে তাঁর কাছে জানতে চান। উত্তরে তিনি জানান, এই মারিফ ব্যাপারে তাঁর কিছু জানা নেই। এতে জিয়াউল আহসান কিষ্টটা বিরক্ত হয়ে বলেন, ‘আলকাছ মারি গলফ অপারেশনকেও বড়ো বিভিন্ন তথ্য চরদুয়ারী বাজারে বলে বেড়াচ্ছে, যা র‍্যাবের জন্য নিরাপত্তাবৃত্তিকে তৈরি করেছে।’ এ কথা বলে জিয়াউল আলকাছ মারিফে ‘এলিমিনেট’ করার নির্দেশ দেন। বিষয়টি শোনার পর শাকির অস্বস্তির অজুহাত দিয়ে এই দায়িত্ব থেকে অব্যাহতি পেতে তিনি অনুরণ-বিনয় করতে থাকেন বলে জানান সাকির রহমান। সন্তোষহানকে পর ভুক্তভোগীর পরিবারের কাছ থেকে জানতে পারেন, জিয়াউল ফোনে ডেকে নেওয়ার পর থেকে আলকাছ মারিফে আর পাওয়া যাচ্ছে না বলে উল্লেখ করেছিলেন তিনি। আসামিফক্সের আইনজীবীর জেরায় সাক্ষী সাকির রহমান বলেন, আলকাছ মারি ফিখোজ হওয়ার বিষয়টি তাঁর স্ত্রী জিভির (সাধারণ ডায়েরি) অনুলিপি রাখার কাছে দাখিল না করায় তাঁরা আনুষ্ঠানিকভাবে কোনো অনুসন্ধান করেননি। তাঁরা আলকাছ মারিফ মোবাইলের কললিস্ট ধরে অনুসন্ধানের চেষ্টা করেছিলেন। কিন্তু একটি নির্দিষ্ট পর্যায়ে গিয়ে আর প্রশ্নের হতে পারেননি। ২০১১ সালের ২৯ সেপ্টেম্বর শোয়ারহাউরে শরণখোলা রেঞ্জের ধইরঝাড়ী এলাকায় র‍্যাব-৮ অভিযান করেছিল কি না, তা মনে নেই বলে জেরায় উল্লেখ করেন সাকির রহমান। জেরায় তিনি বলেন, সেই অভিযানে তিনি ছিলেন কি না, তা-ও তাঁর মনে নেই। অভিযানের বিষয়ে সৈনিক প্রথম আলো প্রিকায় মুঠোফোনে তিনি কোনো সাক্ষাৎকার দিচ্ছিলেন কিনা, সেটাও মনে নেই। সাকির রহমান বলেন, এ কথা সত্য নয় যে ২০১১ সালের ২৯ সেপ্টেম্বর রাজু বাহিনীর সঙ্গে র‍্যাবের বন্দুকযুদ্ধে চারজন নিহত হন। এর মধ্যে আলকাছ মারিফ ছিলেন। সাকির রহমান বলেন, এ কথাও সত্য নয় যে আলকাছ মারিফ কখনো মারিফ ছিলেন না এবং তিনি বন্দযুদ্ধ ছিলেন। মানবতাবিরোধী অপরাধের এই মামলার একমাত্র আসামি জিয়াউল আহসান। তিনি ফ্রেফতার আছেন। বৃহস্পতিবার তাঁকে ট্রাইব্যুনালে হাজির করা হয়।

পবিত্র মক্কায় জরুরি

ইয়েমেনের হুথি বিদ্রোহীরা হামলা চালানোর ঠিক আগমুহর্তে সাধারণত এই সতর্কবার্তাও সচল হয়ে ওঠে। গত সপ্তাহে রিয়াদ অভিযোগ করে বাহেলিল, ২০১৭ সালের পর থৎমবাজারে মতো পবিত্র মক্কা নগরী লক্ষ্য করে দ্রোণ হামলা চালানোর চেষ্টা চালিয়েছে হুথিরা। তবে হুথিদের হেড্‌কো দ্রোণ ভলি চালিয়ে ভূগাতিত করা হয়। যদিও মক্কা নগরীতে হামলার চারদিকে এই অভিযোগকে ভিত্তিহীন বলে দাবি করিয়ে হুথি। এর কয়েক দিনের মাঝায় ইয়েমেনের এই সশস্ত্র গোষ্ঠীটি কয়েক বছরের মধ্যে থৎমবাজারে মতো সৌদির রাজধানী রিয়াদে বড় ধরনের হামলা চালায়; যা মধ্যপ্রাচ্যের চলমান উত্তেজনায় নতুন মাত্রা যোগ করেছে। ২০১৫ সাল থেকে আন্তর্জাতিকভাবে স্বীকৃত ইয়েমেন সরকারের হয়ে দেশটিতে হুথি বিদ্রোহীদের বিরুদ্ধে লড়াই করছে সৌদি নেতৃত্বাধীন সামরিক জোট। সম্প্রতি হুথিদের হামলা জোরপাির হওয়ায় মধ্যপ্রাচ্যজুড়ে ছড়িয়ে পড়া সংঘাতের আবারও আরও গভীরভাবে জড়িয়ে পড়ছে ইয়েমেনে। চলতি মাসের শুরু দিকে সৌদি-সমর্থিত সরকারি বাহিনীকে হাটুরে কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ বেশ কিছু ভূখণ্ড

দখল করে নেয় হুথিরা। এর মাধ্যমে সৌদির তেল রপ্তানির প্রধান পথ বাব আল-মানদেব প্রণালির উপকূলীয় অঞ্চলের পূর্ণ নিয়ন্ত্রণ নেয় তারা। এর আগে, গত জুলাইয়ে ইয়েমেনের আকাশসীমায় রিয়াদের নিয়ন্ত্রণ বজায় থাকলেও তা অমান্য করে সানায় একটি ইরানি বিমান অবতরণের অনুমতি দেয় হুথি বিদ্রোহীরা। এর পরপরই ২০২২ সাল থেকে চলা ভঙ্গুর যুদ্ধবিরতি ভেঙে যায় এবং শুরু হয় একের পর এক হামলা। পরবর্তীতে সৌদি আরবের ওপর সামুদ্রিক অবরোধ জারির আনুষ্ঠানিক ঘোষণা এবং সৌদির তেলবাহী ট্যাঙ্কার ও বিভিন্ন ভূখণ্ড লক্ষ্য করে সরাসরি হামলা চালাতে শুরু করে হুথি বিদ্রোহীরা। হুথিদের এসব ধারাবাহিক সাক্ষ্যে বিশ্ববাজারের শীর্ষ অপরিশোধিত তেল রপ্তানিকারক দেশ সৌদিদহ পুরো পারস্য উপসাগরীয় অঞ্চলের তেল পরিবহনে ব্যবহৃত দুটি গুরুত্বপূর্ণ নৌপথের ওপর ইরান ও তার মিত্রদের নিয়ন্ত্রণ আরও সুসংহত করেছে।

শায়েস্তাবাদে গলাটিপে শাশুড়িকে

শাশুড়ির গলা চেপে ধরলে শ্বাসরোধ হয়ে তিনি মারা যান বলে স্থানীয়রা জানিয়েছেন।’ ওসি আরও বলেন, পুরো ঘটনার তদন্ত চলছে। মৃত্যুর প্রকৃত কারণ উদ্ঘাটনে রুণু বেগমের মরদেহ ময়নাতদন্তের জন্য মর্গে পাঠানো হয়েছে। তদন্তের পর এ বিষয়ে আইনগত ব্যবস্থা নেওয়া হবে। এদিকে বাবুগঞ্জ বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) সকাল ১১টার দিকে বকশিরচর গ্রামের নিজ ঘরের আড়ার সঙ্গে ঝুলন্ত অবস্থায় সাখীর মরদেহ উদ্ধার করা হয়। পরে মরদেহটি ময়নাতদন্তের জন্য বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। জানা গেছে, নিহত সাখী আক্তার বরিশালের মুখার্জির পুল এলাকার জাহাঙ্গীর হোসেনের মেয়ে। প্রায় তিন বছর আগে বাবুগঞ্জের বকশির চর এলাকার শাহ আলম মুখার ছেলে শাইম মুখার সঙ্গে তার বিয়ে হয়। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, সকালে সাখীরা মৃত্যুর খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে যায়। পুলিশ আসার পরই বাড়ি থেকে স্বামী নাইম ও শাশুড়ি ফাতেমা বেগম পাগিয়ে যায়। সাখীর স্বজনরা জানান, খবর পেয়ে তারা বাড়িতে গেলে মরদেহ দেখতে বাধা দেওয়া হয়। নিহতের মা অভিযোগ করে বলেন, তার মরদেহ হত্যা করে খুলিয়ে রাখা হয়েছে। নিহতের মা বলেন, আমার মেয়েকে মেরে খুলিয়ে রাখা হয়েছে। ঘটনা রাত্তে হলেও সকালে পাশের এক বাড়ির ফেন পেয়ে আমরা খবর পাই। সেখানে গেলে আমার মেয়ের ঝুলন্ত মরদেহ দেখতে বাধা দেওয়া হয়। ১৫ দিন আগেও টাকার জন্য আমার মেয়েকে মারধর করা হয়েছিল। তখন আমরা গিয়ে বিষয়টি মীমাংসা করে দিয়েছিলাম। আমার মেয়েকে হত্যা করা হয়েছে। আমি এ বিষয় চাই। তবে সাখী আত্মহত্যা করেছেন নাকি তাকে হত্যা করা হয়েছে, সে বিষয়ে এখনো নিশ্চিত কোনো তথ্য পাওয়া যায়নি। এয়ারপোর্ট থানার উপপরিদর্শক (এআই) মো. নাইম বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। প্রাথমিকভাবে ঘটনাটি আত্মহত্যা বলে মনে হচ্ছে। তবে ময়নাতদন্তের প্রতিবেদন পাওয়ার পর মৃত্যুর প্রকৃত কারণ জানা যাবে। পুলিশ জানিয়েছে, ঘটনার বিষয়ে আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে। বরিশাল মেট্রোপলিটন পুলিশের এয়ারপোর্ট থানার ওসি রফিকুল ইসলাম বলেন, মরদেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। ময়নাতদন্তের রিপোর্ট পাওয়া গেলে মৃত্যুর প্রকৃত কারণ জানা যাবে।

জানুয়ারিতে স্থানীয় ভোটের

আয়োজন না করার চিন্তাভাবনা করছে নির্বাচন কমিশন (ইসি)। নির্বাচন কমিশনার আনোয়ারুল ইসলাম সরকার জানিয়েছেন, পরীক্ষা শেষ হলে আগামী বছরের জানুয়ারিতে সম্ভব নির্বাচন কার্যক্রম শুরু করার পরিকল্পনা করা হচ্ছে। বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে নিজ কার্যালয়ে সাংবাদিকদের এসব কথা বলেন তিনি। তিনি জানান, স্থানীয় নির্বাচন আয়োজনের বিষয়ে সরকারের সঙ্গে সরাসরি কোনো চিঠি চালায়নি কারো নিয়ম বা নজির নেই। তবে কমিশন প্রকৃত রয়েছে এবং বর্তমানে সরকারের কাছে কোন কোন ক্ষেত্র নির্বাচন উপযোগী তার একটি স্পষ্ট তালিকা চাওয়া হয়েছে। নির্বাচন পেছানোর পেছনের কারণ ব্যাখ্যা করতে গিয়ে তিনি বলেন, পরীক্ষার সময় বিশপু সংখ্যক আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য দায়িত্ব পালনে ব্যস্ত থাকেন। একই সময়ে নির্বাচন পরিচালনা করা তাদের জন্য অত্যন্ত কঠিন হয়ে পড়ে। তাই শিক্ষার্থীদের ভবিষ্যতের পাশাপাশি আইনশৃঙ্খলা পরিহিতির কথা চিন্তা করে এই সিদ্ধান্ত নেওয়া জরুরি হয়ে পড়েছে। বাস্তবতার নিরিখে এবং সার্বিক পরিস্থে অনুকূলে রাখতেই নির্বাচনের প্রাথমিক পরিকল্পনায় পরিবর্তন আনা হয়েছে বলে জানান তিনি।

রোহিঙ্গা সংকট নিরোধনে

করেছেন জামায়াতে ইসলামীর আমির ও সদস্যদের বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান। তিনি বলেন, রোহিঙ্গাদের নিজ দেশে সম্মান ও নিরাপত্তার সঙ্গে ফিরিয়ে দেওয়াই হবে সংকটের চূড়ান্ত সমাধান। বর্তমান পরিস্থিতিতে বাংলাদেশের পক্ষে একা এই সমস্যার সমাধান করা সম্ভব নয়। এজন্য চীন, ভারতসহ আন্তর্জাতিক সম্প্রদায়ের সহযোগিতা প্রয়োজন। বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) বিকেলে সিলেট সার্কিট হাউজে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে এসব কথা বলেন শফিকুর রহমান। রোহিঙ্গা সংকট প্রসঙ্গে জামায়াত আমির বলেন, ‘এটি শুধু বাংলাদেশের সঙ্গে মিয়ানমারের দ্বিপাক্ষীয় বিষয় নয়, এটি একটি আন্তর্জাতিক সমস্যা। বাংলাদেশে দীর্ঘদিন ধরে রোহিঙ্গাদের মানবিক সহায়তা দিয়ে আসছে।’ শফিকুর রহমান বলেন, ‘রোহিঙ্গাদের জন্য সাময়িক অর্থসহায়তা দিয়ে এ সমস্যার সমাধান হবে না। তাদের নিজ দেশে ফেরার পরিসেব তৈরি করতে হবে। এজন্য আন্তর্জাতিক সম্প্রদায়কে আরও কার্যকর ভূমিকা নিতে হবে।’ তিনি বলেন, ‘মিয়ানমারের অভ্যন্তরীণ পরিস্থিতি এখনো স্থিতিশীল নয়। সেখানে দীর্ঘদিন ধরে সংঘাত চলেছে। বিভিন্ন সম্প্র্র গোষ্ঠী বিভিন্ন এলাকা নিয়ন্ত্রণ করেছে। ফলে রোহিঙ্গাদের প্রত্যাবাসনের বিষয় কার সঙ্গে আলোচনা ও সমঝোতা হবে, সেটাও একটি জটিল বিষয়।’ রোহিঙ্গা সংকট নিরসনে চীন ও ভারতের সহযোগিতার প্রয়োজনীয়তার কথা ভুলে ধরে জামায়াত আমির বলেন, মিয়ানমারের সঙ্গে বাংলাদেশের পাশাপাশি এ দুই দেশেরও গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। জাতিসংঘসহ আন্তর্জাতিক সম্প্রদায় উদ্যোগী হলে রোহিঙ্গা সংকটের সমাধানের পথ তৈরি হতে পারে। রোহিঙ্গা শিশুদের শিক্ষা ও কর্মদক্ষতা উন্নয়নে গুরুত্বারোপ করে তিনি বলেন, আন্তর্জাতিক সহায়তার পাশাপাশি রোহিঙ্গাদের উৎপাদনমূলক কাজে প্রশিক্ষণ দিয়ে সীমিত পরিসরে জীবিকা অর্জনের সুযোগ তৈরি করা যেতে পারে। এতে তারা শিবিরে অবস্থান করেও নিজস্বের জীবনাবধানে কিছুটা আশ্রয় লাভ করতে পারেন। শফিকুর রহমান বলেন, ‘রোহিঙ্গাদের দীর্ঘদিন অসুখী ও অপারেলার মধ্যে বেড়ে ওঠা শুধু বাংলাদেশের জন্য নয়, পুরো অঞ্চলের নিরাপত্তার জন্যও উদ্বেগের বিষয়। তাই এ সংকটকে দীর্ঘমেয়াদি দৃষ্টিভঙ্গিতে দেখে আন্তর্জাতিক সম্প্রদায়ের মনোযোগ দেওয়া প্রয়োজন।’

সমালোচনা হতে পারে

রাজনৈতিক প্রতিপক্ষের কঠোর সমালোচনা করা যেতে পারে, তবে ব্যক্তিগত অবমাননাকর ভাষা ব্যবহার করা উচিত নয়। বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) জাতীয় প্রেস ক্লাবের জহর হায়েন চৌধুরী হলে বাংলাদেশে ফেডারেল সাংবাদিক ইউনিয়নের (বিএফইউকে) সাবেক সভাপতি রুহুল আমিন গাজীর দ্বিতীয় মৃত্যুবার্ষিকী উপলক্ষে আয়োজিত সভায় মাহফিল ও আলোচনা সভায় তিনি এসব কথা বলেন। বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব বলেন, ‘অতীতে বিরোধী রাজনৈতিক নেতাদের অবমাননাকর ভাষায় সম্মোখনের যে সংস্কৃতি তৈরি হয়েছিল, তার পুনরাবৃত্তি হওয়া উচিত নয়। রাজনৈতিক বক্তব্যে কটোরতা থাকতে পারে, তবে তা মার্জিত ভাষায় হওয়া দরকার।’ তিনি বলেন, ‘গণতান্ত্রিক ব্যবস্থায় বিরোধী দলের সভা-সমাবেশ, মিছিল ও রাজনৈতিক কর্মসূচি পালনের অধিকার থাকতে হবে। বিরোধী দলের কর্মসূচি নিয়ে রাজনৈতিক মতপার্থক্য থাকতে পারে, কিন্তু তাদের কর্মসূচি পালনের অধিকারে সম্মান করা উচিত।’ সাম্প্রতিক লম্বাচের প্রসঙ্গ তুলে রিজভী বলেন, ‘বিরোধের পক্ষ থেকে নেতাকর্মীদের নির্দেশ দেওয়া হয়েছিল যেন বিরোধী দলের কর্মসূচিতে কোনো ধরনের বাধা দেওয়া না হয়। গণতন্ত্র যদি আমরা বিশ্বাস করি, তাহলে বিরোধী দল তাদের কর্মসূচি বাতিল করে রাখা বলা হবে।’ বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ও রাষ্ট্র সর্বাধীশ্রমেত্বের বিষয়ে রিজভী বলেন, ‘বাংলাদেশকে কোনো দেশের ওপর নির্ভরশীল বা অন্য কোনো রাষ্ট্রের ‘পিছনের উঠান’ হিসেবে পরিণত করা উচিত নয়। দেশের পররাষ্ট্রনীতি বাংলাদেশকেই বাংলাদেশের পক্ষে করতে হবে এবং অর্থনৈতিক সংকটসহ বিভিন্ন চ্যালেঞ্জ নিজেদের সমক্ষতায় মোকাবিলা করতে হবে।’ তিনি বলেন, ‘রাজনৈতিক দলগুলোর মধ্যে মতপার্থক্য থাকতে এবং রাজনৈতিক কর্মসূচিও থাকবে। তবে গণতন্ত্র, স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষার মতো মৌলিক গুণে নান্দেহ একমততা থাকা জরুরি। ভবিষ্যতে যে দলই ক্ষমতায় আসুক, গণতান্ত্রিক প্রতিষ্ঠানকে

শক্তিশালী এবং দেশের স্বাধীনতা-সার্বভৌমত্ব রক্ষার অঙ্গীকার নিয়ে কাজ করতে হবে। একই সঙ্গে অতীতের কর্তৃত্ববাদী পরিহিতির পুনরাবৃত্তি যাতে না ঘটে, সে বিষয়েও সতর্ক থাকতে হবে।’ আলোচনা সভায় দৈনিক যুগান্তর পত্রিকার সম্পাদক ও কবি আবদুল হাই শিকদার, জাতীয় প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক আইয়ুব ভূঁইয়া, ঢাকা সাংবাদিক ইউনিয়নের (ডিইউজে) সভাপতি মো. শহিদুল ইসলামসহ আরও অনেকে উপস্থিত ছিলেন।

নিরপেক্ষ, সমৃদ্ধিশী, সাক্ষরী

জানিয়েছেন রষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর। বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) বঙ্গভবনে রিক্সউজি অ্যাড মাইশ্রেটির মুভমেন্টস রিসার্চ ইউনিটের (আরএমএমআরইউ) নির্বাহী পরিচালক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) রষ্ট্রবিজ্ঞান বিভাগের সাবেক অধ্যাপক ড. তাসনিম সিদ্দিকীর নেতৃত্বে একটি প্রতিিনিধি দলের সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে রষ্ট্রপতি এসব কথা বলেন। এসময় অভিবাাদীদের অবদানকে আরও কার্যকরভাবে কাজে লাগাতে একটি ‘অভিভাসন দশক’ ঘোষণার উদ্যোগের বিষয়টি রষ্ট্রপতির কাছে তুলে ধরা হয়। আরএমএমআরইউয়ের ৩০ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বষ্ট্রপতিকে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানান সংগঠনটির নির্বাহী পরিচালক। রষ্ট্রপতি উপস্থিত থাকার ব্যাপারে আশ্বস্ত করেন। সাক্ষাৎকালে ড. তাসনিম সিদ্দিকী আরএমএমআরইউয়ের ৩০ বছরের গবেষণা ও মার্তপার্থ্যের কার্যক্রম এবং বিভিন্ন অর্জন সম্পর্কে রষ্ট্রপতিকে অবহিত করেন। তিনি জানান, শ্রম অভিবাসন, অভ্যন্তরীণ বাষ্ট্রচ্যুতি, শরণার্থী ও অভিবাসী শ্রমিকদের বিভিন্ন বিষয় নিয়ে দীর্ঘদিন ধরে গবেষণা ও নীতিগত পর্যায়ে কাজ করছে। সাক্ষাৎকালে অভিবাসী কর্মীদের জন্য নিরাপত্তা ও মৃণুজল অভিবাসন নিশ্চিত করা, অভিবাসন ব্যবস্থায় সংশ্লিষ্ট সেবাদানকারী প্রতিষ্ঠানগুলোর জবাবদিহিতা এবং অভিবাসীদের ইতিবাচক অবদানকে উৎসাহিত করার বিভিন্ন বিষয় নিয়েও আলোচনা হয়। এ ছাড়া অভ্যন্তরীণভাবে বাষ্ট্রচ্যুত জনগোষ্ঠীর বিষয়ে আরএমএমআরইউয়ের গবেষণা ও নীতিগত উদ্যোগ, বাষ্ট্রচ্যুত জনগোষ্ঠী নিয়ে জাতীয় পর্যায়ে ককাস গঠন এবং এ বিষয়ে আন্তর্জাতিক পর্যায়ে বাংলাদেশের অভিজ্ঞতা ও উদ্যোগ তুলে ধরার বিষয়েও আলোচনা হয়। প্রতিিনিধি দলে আরও উপস্থিত ছিলেন আরএমএমআরইউয়ের উদ্যোগী ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্প্রদায়ের সাবেক অধ্যাপক ডি.আর আবরার, উপ-নির্বাহী পরিচালক মোতাসিম বিল্লাহ, প্রোগ্রাম পরিচালক মারিনা সুলতানা এবং সিনিয়র রিসার্চ ফেলো মাহমুদুল হাসান রকি। এ সময় রষ্ট্রপতির সামরিক সচিব ও জনবিরোধের সচিব উপস্থিত ছিলেন।

চিফ হুইপের গাড়িবহরে হামলা

ঘটনার প্রায় দুই বছর পর ২০২৪ সালের ৩ অক্টোবর নূরুল ইসলাম মনির ভাতিজা মো. সোলায়মান সাদিক বাদী হয়ে পাথরঘাটা সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে মামলাটি করেন। মামলায় আওয়ামী লীগ ও এর অঙ্গসংগঠনের ১০৫ জনের নাম উল্লেখ করে আসামি করা হয়। এ ছাড়া ২০০ থেকে ৩০০ জনকে অজ্ঞাতনামা আসামি করা হয়। পাথরঘাটা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ আব্দুল আলীম বলেন, ছয়জনকে তদন্তে প্রাপ্ত আসামি হিসেবে ফ্রেফতার করা হয়েছে। ২০২২ সালের ওই ঘটনায় তাঁদের সক্রিয়ভাবে অংশ নেওয়ার তথ্যপ্রমাণ পাওয়া গেছে। মামলার তদন্ত এখনো চলমান।

পাঁচ প্রতিষ্ঠান পেলা ডিজিটাল

শোয়ারধারীরা; নেভা ডিজিটাল ব্যাংক, যার উদ্যোক্তা ব্যাংকদের মধ্যে মূল প্রতিষ্ঠান ডিওন ও স্ফার গ্রুপ; বৃস্ট ডিজিটাল ব্যাংক, যার উদ্যোক্তা রবির মূল প্রতিষ্ঠান আজিটাতা ডিমিটেড এবং কড়ি ডিজিটাল ব্যাংককে লেটার অব ইনটেস্ট (এলওআই) দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। দেশের ব্যাংকিং খাতে যখন আড়া ও সুশাসন নিয়ে প্রশ্না ক্রমেই জোরালো হচ্ছে, ঠিক সেই সময় আর্থিক ব্যবস্থায় নতুন অধ্যায় হিসেবে যুক্ত হতে যাচ্ছে ডিজিটাল ব্যাংক। দীর্ঘ তিতি বছরের বেশি সময় ধরে আলোচনা, নীতিমালা পরিবর্তন, আবেদন গ্রহণ, যাচাই-বাহাই ও লাইসেন্স নিয়ে নানা জটিলতার পর অবশেষে এই অনুমোদন দেওয়া হয়েছে। এর আগে অন্তর্বর্তী সরকারের আমলে ডিজিটাল ব্যাংক প্রতিষ্ঠার জন্য বাংলাদেশ ব্যাংকে আবেদনগুণ নেয়। তখন ১৩টি প্রতিষ্ঠান আবেদন করেছিল। এসব প্রতিষ্ঠানের মালিকানার সঙ্গে সম্পৃক্ত আছে দেশের শীর্ষস্থানীয় শিল্পগোষ্ঠী, ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনাকারী সংস্থা, মোবাইল অপারেটর, মোবাইলে আর্থিক সেবাদাতা (এমএফএস) প্রতিষ্ঠান প্রভৃতি। এর মধ্যে বাংলাদেশ ব্যাংকের মূল্যবান প্রতিপ্রায় ব্যাংকিং সংকমতা, উদ্যোগীদের অভিজ্ঞতা, মূলধন, প্রযুক্তিগত অবকাঠামো, সাইবার নিরাপত্তা ও নিয়ন্ত্রক শর্ত পূরণের বিষয়গুলো বিবেচনা করা হয়েছে। তার মধ্যে প্রাথমিকভাবে আটটি প্রতিষ্ঠানকে যোগ্য বিবেচনা করে চূড়ান্ত অনুমোদনের জন্য উপস্থাপন করা হলেও শেষ পর্যন্ত বাংলাদেশ ব্যাংকের পর্দে পাঁচটিকে প্রাথমিক অনুমোদন দিয়েছে।

দুই লক্ষ্য নিয়ে তণমুলে

এ জন্য তণমুলে সংগঠন শক্তিশালী করতে তৎপর হয়েছে দলটি। এর অংশ হিসেবে দুই বিভাগে সমন্বয় সভা ও রাজনৈতিক কর্মশালা করা হয়েছে। এনসিপির সূত্র জানায়, স্থানীয় সরকার নির্বাচন সামনে রেখে তণমুল পর্যায়ে সংগঠন গোছাতে জোর দেওয়া হয়েছে। দেশের প্রতিটি ইউনিয়ন পরিষদে (ইউপি) চেয়ারম্যান পদে প্রার্থী দেওয়ার লক্ষ্য নিয়ে তণমুলে ধাপে ধাপে সাংগঠনিক কাঠামো বিস্তারের পরিকল্পনা করেছেন দলের লীগনির্ধারণকোে। একই সঙ্গে রাজনৈতিক কর্মসূচি জোরদারের লক্ষ্যও রয়েছে। চলতি সেপ্টেম্বরের মধ্যে দেশের সব উপজেলায়, অক্টোবরের মধ্যে সব পৌরসভায় এবং নভেম্বরের মধ্যে ইউনিয়ন পরিষদে কমিটি গঠনের কাজ শেষ করতে চায় এনসিপি। আগামী বছরের এপ্রিলের মধ্যে দেশের প্রতিটি ওয়ার্ডে কমিটি গঠনের লক্ষ্যও রয়েছে। গত ২৮ আগস্ট দেশের ইউনিটগুলিকে উপজেলা কমিটি গঠনের সময়সীমা বেধে দিয়ে সাংগঠনিক নির্দেশনা দেওয়া হয়। এনসিপির দায়িত্বশীল নেতারা জানান, জেলা ও মহানগরের ৮০টি সাংগঠনিক ইউনিটের ৭৬টিতে আন্হায়ক কমিটি রয়েছে। উপজেলা পর্যায়ের ৫০০ ইউনিটের মধ্যে ৩৬৬টিতে কমিটি গঠন করা হয়েছে। ২৮ সেপ্টেম্বরের মধ্যে বাকি উপজেলাগুলোতেও আন্হায়ক কমিটি গঠনের কাজ শেষ করার লক্ষ্য রাখছে। পূর্ণাঙ্গ কমিটি সম্ভব না হলে ১১ থেকে ১৫ সদস্যের আন্হায়ক আন্হায়ক কমিটি করে পরবর্তী ১৫ দিনের মধ্যে ৫১ সদস্যের পূর্ণাঙ্গ কমিটি করার



ভাণ্ডারিয়া মজিদা বেগম মহিলা কলেজে নবীন বরণ

ভাণ্ডারিয়া প্রতিিনিধি

পিরোজপুরের ভাণ্ডারিয়া মজিদা বেগম মহিলা বিশ্ববিদ্যালয় কলেজে বর্ণাঢ্য আয়োজনে গতকাল বৃহস্পতিবার কলেজের আইসিটি ভবনে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের বরণ উপলক্ষ্যে নবীন বরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। ‘হে নবীন এসো আলোর মিছিলে’এ প্রতিক্রিয়া বিষয়কে সামনে রেখে সকাল ১১টায় কুরআন তেলাওয়াত, গীতা পাঠ, নবগণত শিক্ষার্থীদের মাঝে ফুল এবং প্রসপেক্টাস বিতরণ, আলোচনা সভা শেষে কবিতা আবৃত্তি, নৃত্য, সঙ্গীত ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে দিন ব্যাপি অনুষ্ঠানের সমাপ্ত হয়। আলোচনা সভায় কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ এনায়েত করিম খোদন এর সভাপতিত্বে অ্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন,কলেজের গর্ভনিব বড়ির সদস্য ডিজির প্রতিিনিধি পিরোজপুর সরকারি সোহরোয়াদ্দী কলেজের সহকারী অধ্যাপক মো.হাবিবুল্লাহ হাওলাদার, সদস্য মো.আলমগীর হোসেন, মজিদা বেগম মহিলা কলেজের সাবেক সহকারী অধ্যাপক আব্দুল হালিম হাওলাদার, সহকারী অধ্যাপক মো. খলিলুর রহমান,মো. আতিকুর রহমান,অমিতা কর্মকার, মো. ওসমান গণি,অভিভাবক মো. নবী হোসেন, দ্বাদশ বর্ষের শিক্ষার্থী অনন্যা, তাসমিয়া, তপতী রানী, সিনথিয়া ও প্রথম বর্ষের নিসা বিনতে জাহিদ প্রমুখ। অনট্টান স্বেতভাবে সম্বলনা করেন কলেজের প্রভাষক জোতিব রায় এবং মো. বাইজিদ হোসেন। সভায় জ্যেষ্ঠা বক্তারা বলেন, শিক্ষা জীবনে সুশিক্ষায় শিক্ষিত একজন সং ও চরিত্রবান নারী হিসেবে নিজেকে গড়ার সময় ই হলে এখন। প্রযুক্তির যথার্থ ব্যবহার,সময়ের মূল্য দেয়া,নিয়মিত ক্লাস করা ছাড়াও শুধু পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার জন্য গাইড বা কটিং সেক্টরের উপর নির্ভরতা বাদ দিতে হবে। বাড়িতে পড়ার টেবিলে একটি প্রাত্যহিক রুটিন থাকা প্রয়োজন। ‘রিডিফাইন ইউরসেলফ (নিজেকে নতুন ভাবে গড়ে তোলো), ব্রাউন্ড ইউরসেলফ(নিজের দক্ষতা,অভিজ্ঞতা অন্যের কাছে উপস্থাপন করা), রিডিফাইন টেকনোলজি (প্রযুক্তিকে নতুন ভাবে ব্যবহার করতে শেখা,যা নিজের শিক্ষা জীবন ও ভবিষ্যৎ জীবনে অর্থবহ ভাবে কাজে লাগে), বি প্রভাটিভ (সঠিক কৌশল ও মনোযোগ ব্যবহার করে পড়াশোনা করা এবং সময় ও সম্পদের অর্থবহ ব্যবহার)। একট টেক সই বসসস যোগ্য দেশ গড়ার জন্য দ্ব্যিত্বশীল ভূমিকা রাখতে সবসময় এই বিষয় গুলো মানা আবশ্যিক। পরে কলেজের নতুন পুরাতন শিক্ষার্থীদের উদ্যোগে কবিতা আবৃত্তি,নৃত্য,সঙ্গীতহর এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করেন আমন্ত্রিত অতিথিসহ উপস্থিত সকল। এতে হারনিয়ামে ছিলেন অতিথি শিল্পী সীমা রানী হানদার এবং তবলায় ছিলেন মনোতোষ বড়াল।

নির্দেশনা দেওয়া হয়েছে। এনসিপির উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারাজিত আলম বলেন, অক্টোবরের মধ্যে ৬৩০টি পৌরসভায় আন্হায়ক কমিটি গঠনের কাজ শেষ করার লক্ষ্য রয়েছে। নভেম্বরের মধ্যে প্রায় ৪ হাজার ৬০০ ইউনিয়নে সাংগঠনিক কমিটি গঠন এবং একই সময়ে এনসিপি-সমর্থিত ইউপি চেয়ারম্যান প্রার্থী ঘোষণার কাজও এগিয়ে নেওয়া হচ্ছে। উপজেলা পর্যায়ে নেতৃত্ব বাছাইয়ের কিছু মানদণ্ড তৈরি করেছে এনসিপি। দলীয় নির্দেশনায় বলা হয়েছে, উপজেলা আন্হায়কের বয়স ৪০ বছরের বেশি এবং সদস্যসচিবের বয়স ৩৫ বছরের বেশি হলে ভালো। তবে কোনোভাবেই ৩০ বছরের কম বয়সী একক সদস্যসচিব করা যাবে না। উপজেলা পরিষদের চেয়ারম্যান পদে সম্ভাব্য প্রার্থী হিসেবে বিবেচিত বাস্তবদের আন্হায়ক বা সদস্যসচিব পদে অগ্রাধিকার দিতে বলা হয়েছে। পাশাপাশি নিজ এলাকায় গ্রহণযোগ্যতা, পরিচিতি, নেতৃত্বের সক্ষমতা, দলের প্রতি আনুগত্য ও পরিচ্ছন্নতা ইত্যাদিকে গুরুত্ব দিতে বলা হয়েছে। কমিটিতে অন্তত ৫ শতাংশ নারী প্রতিনিধিত্ব নিশ্চিত করার পাশাপাশি স্থানীয় ধর্মীয় ও জাতিসাম্প্রীণ্ডুলোর আনুপাতিক প্রতিনিধিত্বের কথাও বলা হয়েছে।

মাছ ধরার ট্রলারে সাড়ে ৭ কোটি

এলাকার সাগর হাওলাদার (৩৮), কুয়াটারার খলিপুর এলাকার মঞ্জু মোহা্না (৩২), কলাপাড়া উপজেলায় খলিলপুর এলাকার রেজাউল গাজী (৩৭) এবং বরিশালের বাকেরগঞ্জ উপজেলার নবানখালী এলাকার বিল্লাল হাওলাদার (৪৫)। কোর্সগার্ড সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে পাথরঘাটা কোর্সগার্ড স্টেশনের সদস্যরা বুধবার (২৩ সেপ্টেম্বর) রাত ২ টার দিকে পাথরঘাটার কাকডাটা ইউনিয়নের বিঘখালী নদী সলুলয় এলাকায় কোর্সগার্ড পাথরঘাটা স্টেশনের সদস্যরা একটি অভিযান পরিচালনা করেন। এ সময় সন্দেহভাজন একটি মাছ ধরার ট্রলার ও কাভার্ড তেল্লাশি চালানো হয়। ত্রোটিগতে শুষ্ক ফাঁকি দিয়ে ভারত থেকে অবৈধভাবে আনা ১৩ হাজার ৫০৭টি শাডি ও ১ হাজার ৪৬৬টি পাঞ্জাবি পাওয়া যায়। উদ্ধার করা এসব পণ্যের আনুমানিক বাজারমূল্য ৭ কোটি ৪ লাখ ৬৭ হাজার টাকা। পরবর্তীতে উদ্ধারকৃত শাডি ও পাঞ্জাবিসহ চোরালাননা কাজে ব্যবহৃত ট্রলার এবং কাভার্ড ভানটিকে জব্দসহ জড়িত পাঁচ জনকে আটক করা হয়। কোর্সগার্ড মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার সাকির আলম সজন বলেন, জন্মকৃত বস আলামত ও আটককৃত চোরাকারবারিদের পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য পাথরঘাটা থানা হস্তান্তর করা হয়েছে। চোরাজালানরোধে ভবিষ্যতেও কোর্সগার্ডের এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

ডেঙ্গুতে সেপ্টেম্বরের ২৩ দিন

খুলনা ও বরিশাল বিভাগ। মৃত্যুর সংখ্যার দিক থেকেও সবচেয়ে বেশি ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন এলাকায়। এয়ার সার্ভেয় খুলনা, ঢাকা উত্তর সিটি করপোরেশন, চট্টগ্রাম ও ময়মনসিংহ। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি রোগীদের মধ্যে বরিশাল বিভাগে ১৬৪ জন, চট্টগ্রাম বিভাগে ২৮৮ জন, ঢাকা বিভাগে (সিটি করপোরেশনের বাইরে) ৩৭১ জন, ঢাকা উত্তর সিটি করপোরেশনে ১৫১ জন এবং ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনে ১৪৪ জন রয়েছে। এ ছাড়া খুলনা বিভাগে ২৮৬ জন, ময়মনসিংহ বিভাগে ১০৮ জন, রাজশাহী বিভাগে ১৩০ জন, রংপুর বিভাগে ৭৩ জন এবং সিলেট বিভাগে

ক্রীকে অ্যাসিড নিক্ষেপের

১৮ সেপ্টেম্বর রাতে উত্তর জয়নগর এলাকায় স্বামীর বসতঘরে ঘুমিয়ে থাকা অবস্থায় ১৮ বছর বয়সী আঁখি আক্তারের শরীরে তরল অ্যাসিড নিক্ষেপ করা হয়। অ্যাসিডে তাঁর গলা থেকে পেট পর্যন্ত গুরুতর দক্ষ হয়। আশঙ্কাজনক অবস্থায় তাঁকে উদ্ধার করে ভোলা ২৫০ শয্যা জেনারেল হাসপাতালের বার্ন ইউনিটে ভর্তি করা হয়েছে। ঘটনার পর দৌলতখান থানায় ২০০২ সালের অ্যাসিড অপরাধ দমন আইনে একটি মামলা দায়ের করা হয়। মামলা দায়েরের পরপরই পুলিশ অভিযুক্ত স্বামীকে গ্রেফতার করে এবং ভোলার আদালতে সোপর্দ করে। দৌলতখান থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. ফকরুল ইসলাম জানান, মামলার এজাহারভুক্ত প্রধান আসামিকে গ্রেফতার করে আইনি প্রক্রিয়ার মাধ্যমে আদালতে পাঠানো হয়েছে। এদিকে হাসপাতালে চিকিৎসাধীন ভিকটিম আঁখি আক্তারকে দেখতে যান ভোলার পুলিশ সুপার মো. শহিদুল্লাহ কাওছার। তিনি ভিকটিম ও তাঁর স্বজনদের চিকিৎসার খোঁজখবর নেন এবং ঘটনার স্ফূ্তি, নিরপেক্ষ ও দ্রুত তদন্তের মাধ্যমে ন্যায়বিচার নিশ্চিত করার আশ্বাস দেন।

আগৈলঝাড়ায় ছাদভিত্তিক সৌর

পল্লী বিদ্যুৎ জোনাল অফিস রুমে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন আগৈলঝাড়া পল্লী বিদ্যুৎ জোনাল অফিসের তেপুটি জেনারেল ম্যানেজার (ডিজিএম) মো. ছিদ্দিকুর রহমান। সভায় বক্তব্য রাখেন, এজিএম অতিরিক্ত দায়িত্ব লুৎফর রহমান, বিদ্যুৎ অফিসের ওয়ারিও পরিদর্শক ইমরান মীর, উপজেলা যুবদলের সাবেক আহ্বায়ক আরিফ হোসেন ফিরোজ মোল্লা, সাংবাদিক মানিক হাওলাদার, ব্যবসায়ী এসএম আলমগীর, মেহেন্দি হাসান, আলামিন মোল্লা, নাহিম মিয়া, বাশাইল এলাকার ব্যবসায়ী শামীম সিকদার, বাগধা এলাকার রাব্বি হাওলাদার, শাকিল মাহমুদ, হাবিব শেখ, শাকিল হাওলাদার ও আব্দুল গফফার প্রমুখ। এছাড়া স্থানীয় ব্যবসায়ী, সুশীল সমাজ, গণমাধ্যম ও বিভিন্ন শ্রেণি-পেশার প্রতিনিধিরা সভায় অংশগ্রহণ করেন। সভার শুরুতে স্াদভিত্তিক সৌরবিদ্যুতের সুযোগ ও সম্ভাবনায় বিষয়ক নীতিপত্র উপস্থাপন করেন এজিএম অতিরিক্ত দায়িত্ব লুৎফর রহমান। সভায় বক্তারা বলেন, বাংলাদেশের বিদ্যুৎ ও জ্বালানি খাত আমদানিনির্ভর জীবাস্থা জ্বালানির ওপর অতিমাত্রায় নির্ভরশীল। ফলে প্রতিবছর বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রা জ্বালানি আমদানিতে ব্যয় হচ্ছে। এই নির্ভরতা বিদ্যুৎ উৎপাদন ব্যয়, ভর্তুকি এবং জ্বালানি নিরাপত্তার ওপরও চাপ তৈরি করছে। বক্তারা আরও বলেন, জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবিলা, জনস্বাস্থ্য সুরক্ষা, জ্বালানি নিরাপত্তা এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে ছাদভিত্তিক সৌরবিদ্যুৎ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। একই সঙ্গে এটি জ্বালানি আমদানিনির্ভরতা কমানো, বিদ্যুৎ খাতে ব্যয়-হ্রাস, স্থানীয় পর্যায়ে কর্মসংস্থান সৃষ্টি এবং পরিবেশ সুরক্ষায় অবদান রাখতে পারে।

শিক্ষকের কাছে ২০ লাখ টাকা

মধ্যে পরিশোধ না করলে সপরিবারে পুড়িয়ে মারা হবে বলে হুমকি দেওয়া হয়। ভুক্তভোগী ওই স্কুলশিক্ষক বলেন, প্রথম ফোন করে বলা হয়, আমরা পুড়িয়ে মারার জন্য নাজিরপুর থেকে তোমার পরিবারকে সিলেষ্টি করছি। আর এ থেকে রক্ষা পেতে তোমাকে আগামী শুক্রবারের মধ্যে ২০ লাখ টাকা দিতে হবে। ওই দিনের মধ্যে তা পরিশোধ না করলে সপরিবারে পুড়িয়ে মারা হবে। ভুক্তভোগী ওই শিক্ষক বলেন, হুমকির পর চতুর্থ শ্রেণিতে পড়ুয়া তার একমাত্র কন্যা সৃষ্টি হালদার মিকিকে (৯) নিয়ে অনের বাড়িতে রাত কাটিয়েছি। এর আগে গত বছর তার চাচাতো ভাই সজীব হালদারকে হত্যা করে রাস্তায় ফেলে রেখে যায় হাওলাদার। ওসি মো. তারিকুল ইসলাম বলেন, বিদেশি বা ইন্টারনেটের একটি নাথার থেকে ফোন করে ওই প্রধান শিক্ষককে ভয় দেখাচ্ছে। এ বিষয়ে থানায় একটি জিডি করেছে। বিষয়টি তদন্তধীন রয়েছে।

নদীর বুকে ভাসমান হাসপাতাল

হয়েছে। এতে সদর ও দক্ষিণবঙ্গের ৪ ইউনিয়নের মানুষের কিছুটা ভোগান্তি হতে পারে। ৭তনুও এ উদ্যোগে খুশি চরবাসী। স্থানীয় বাসিন্দা জয়নাল ও ফাতেমা বলেন, দীর্ঘদিন ওবা-কবিবাজ নদীর ধাকার পর অবশেষে আমরা উন্নত চিকিৎসা পেতে মাছি।

মাদক মামলায় যাবজ্জীবন সাজাপ্রাপ্ত

প্রক্রিয়ায় অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় আদালত তাঁকে যাবজ্জীবন কারাদণ্ড দেন এবং এক লাখ টাকা জরিমানা করেন। রায়ের পর থেকেই নুরুজ্জামান আত্মগোপনে ছিলেন। পরে আদালত তাঁর বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেন। মুলানী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খন্দকার মো. দোহেল রাণা বলেন, ‘মাদক মামলায় যাবজ্জীবন কারাদণ্ডপ্রাপ্ত পলাতক আসামিকে গ্রেফতার করা হয়েছে। পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে আদালতে পাঠানো হয়েছে।’

স্বজনরাই উদ্ধার করলো সাগরে

থেকে সাগরে ভাসছিলেন। জেলেদের স্বজনরা জানান, ইজিন বিকলের কবর পাওয়ার পর উপজেলা প্রশাসন, কোস্টগার্ড ও নৌপুলিশের সঙ্গে একাধিকবার যোগাযোগ করা হয়। ৯৯৯ নম্বরেও জানানো হয়। তবে বৈরি আবহাওয়া, উত্তাল সাগর এবং প্রয়োজনীয় নৌযান ও উদ্ধার সরঞ্জাম না থাকায় সংশ্লিষ্ট সহস্তুঙ্কোঘা ঘটনাস্থলে গিয়ে উদ্ধার অভিযান চালাতে পারেনি। রাস্তাবালী কোস্টগার্ডের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মো. আমজাদ হোসেন ওই সময় জানিয়েছিলেন, বিপদগ্রস্ত জেলেদের অবস্থান সোনারচরসংলগ্ন মোহানা থেকে প্রায় ৮০ থেকে ১০০ কিলোমিটার দূরে। সেখানে পৌছাতে ছয় থেকে আট ঘণ্টা সময় প্রয়োজন। উপযুক্ত নৌযান ও উদ্ধার সরঞ্জাম না থাকার পাশাপাশি সঙ্গর সাগরে নিরাপত্তার বিষয়টিও রয়েছে। রাস্তাবালী নৌপুলিশের ইনচার্জ মো. জায়েদুর রহমান বলেন, বিষয়টি সম্পর্কে তিনি অবগত আছেন। কিন্তু ঘটনাস্থলে যাওয়ার মতো নৌযান, উদ্ধার সামগ্রীসহ প্রয়োজনীয় কোনো কিছুই তাদের কাছে নেই। তবে সাগরে থাকা অন্যান্য জেলেদের মাধ্যমে উদ্ধারের চেষ্টা করা হয়েছে। এ অবস্থায় বৃহস্পতিবার সকালে জেলেদের স্বজনরা একটি মাছ ধরার ট্রলার নিয়ে সাগরে রওনা হন। সকাল ৯টার দিকে সোনারচরসংলগ্ন এলাকা থেকে তারা ১৮ জেলেকে অক্ষত অবস্থায় উদ্ধার করে। পরে টোর দিকে জেলেদের উদ্ধারকারী ট্রলারটি উপকূলে এসে পৌছায়। বিষয়টি নিশ্চিত করে ভোলার চরফ্যাশন উপজেলার হাজারীগঞ্জেত্ত জোবাবের এন্টারপ্রাইজের মৎস্য আড়তদার ফরহাদ হোসেন পাটোয়ারী বলেন, ‘একটি ট্রলার পাঠিয়ে জেলেদের উদ্ধার করা হয়েছে।’ উদ্ধারকারী ট্রলারে থাকা বিকল ট্রলারের মালিক হানিফ মাঝির ভাই ফিরোজ রাষ্টা জানান, তার ভাইসহ ট্রলারের ১৮ জন মাঝিমাল্পাক্কেই অক্ষত অবস্থায় উদ্ধার করা হয়েছে। এ বিষয়ে রাস্তাবালী উপজেলা নির্বাহী কর্মকর্তা নাজমুল হাসান বলেন, জেলেদের ট্রলারের মাধ্যমে সলল জেলেকে সহিসালামতে উদ্ধার করা হয়েছে বিষয়টি জানতে পেরেছি।

বাকেরগঞ্জে ঝুঁকিপূর্ণ সেতু

অশ্বের কচ্ছিরের স্রাব ভেঙে খসে পড়ছে। ভাঙা অংশ এড়িয়ে পথচারীরা অত্যন্ত সতর্কতার সঙ্গে সেতু পার হচ্ছেন। স্থানীয়দের অভিযোগ, দীর্ঘদিন ধরে সেতুটির এমন বহোলা অবস্থা থাকলেও কার্যকর সংস্কারের উদ্যোগ দেখা যায়নি। বিশেষ করে রাসে পর্যাপ্ত আলোর ব্যবস্থা না থাকায় ভাঙা অংশগুলো আরও বিপজ্জনক হয়ে উঠে। বিশেষ করে শিশু, বয়স্ক ও সাধারণ পথচারীদের জন্য মারণফাঁদে পরিনত হয় সেতুটি। এদিকে

সেতুর উত্তর পাশে সদর রোডের সংযোগস্থলে যাত্রতত্ত্ব ময়লা-আবজর্না ফেলে তৈরি হয়েছে ভাগাড়। নদী ও জলাশয়ের পাশে এভাবে বর্জ্য ফেলায় একদিকে পরিবেশ দূষণ অন্যদিকে পথচারী ও স্থানীয় বাসিন্দাদেরও ভোগান্তি পোহাতে হচ্ছে। দ্রুত আবজর্না অপসারণ করে স্থানটি পরিচ্ছন্ন রাখার দাবি এলাকাবাসীর। এলাকাবাসীর দাবি, বড় কোনো দুর্ঘটনা ঘটার আগেই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের জরুরি ভিত্তিতে পদক্ষেপ নেওয়া প্রয়োজন। তাদের দাবি সেতুর ভাঙা স্রাব সংস্কার, পর্যাপ্ত আলোর ব্যবস্থা, ময়লা অপসারণ এবং সেতুটির স্থায়িত্ব যাচাই করে প্রয়োজনীয় সংস্কার অথবা নতুন ও টেকসই সেতু নির্মাণ। এ বিষয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও পৌর প্রশাসক মঈন চন্দ্র পাল বলেন, সেতুর স্রাব তৈরির কাজ চলছে। দ্রুত সময়ের মধ্যে সেতুটির সংস্কার করা হবে। আর সেতুর সংযোগস্থলে ময়লার জুপের বিষয়টি জানামূল। দ্রুত ময়লা অপসারণের ব্যবস্থা করা হবে।

ফেসবুক পোস্টকে কেন্দ্র

ছড়িয়ে পড়ে। ঘটনার পর আজম খানের মা মোসাম্মত্ মমতাজ বেগম বাদী হয়ে ভাগরিয়া থানায় মামলা করেন। মামলায় ২৬ জনের নাম উল্লেখ করা হয়েছে এবং অজ্ঞাতনামা আরও ৩৫ থেকে ৪০ জনকে আসামী করা হয়েছে। মামলার পর পুলিশ অভিযান চালিয়ে অমির হোসেন নামে একজনকে গ্রেফতার করেছে। এবিষয়ে ভাগরিয়া থানার ওসি দেওয়ান জগদুল হাসান জানান, ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনায় থানায় মামলা হয়েছে। এ ঘটনায় একজনকে গ্রেফতার করা হয়েছে। অন্য আসামিদের গ্রেপ্তারের চেষ্টা অব্যাহত রয়েছে।

বরিশালে ১৭৪ শ্রমজীবী পরিবার পেলো

জেলায় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে শ্রমিকদের হাতে চিকিৎসা সহায়তার চেক তুলে দেওয়া হয়েছে। তিনি জানান, প্রতি বছর অন্তত চারবার সরকার এ ধরনের সেবা প্রদান করে থাকে। চেক বিতরণের সময় জেলা প্রশাসক অসুস্থ শ্রমিকদের বর্তমান অবস্থা ও চিকিৎসার অগ্রগতি সম্পর্কে বিস্তারিত জানতে চান। চেক বিতরণ অতীনে অতিরিক্ত জেলা প্রশাসক সাদমা পারভীন, আঞ্চলিক শ্রম দপ্তরের উপপরিচালক মো. মনিরুজ্জামান ও সহকারী পরিচালক শেখ মো. সেলিম আহমেদসহ বিভিন্ন পেশার শ্রমিক এবং তাদের পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন।

মোবাইল বিক্রি না করায় কিশোরকে

বাবার হাওলাদার বাজারের মুদি দোকানে অবস্থান করছিল। তার সঙ্গে মায়ের কেনা নোকিয়া ১১০০ মডেলের একটি মোবাইল ফোন থাকতো। এ সময় মাকে আদালতে অভিযোগপত্র দাখিল করলে প্রতিবেশী সৃজন তাকে দোকান থেকে ডেকে নিয়ে যায়, এরপর থেকে রোদোয়ান নিখোঁজ ছিল। পরিবার ভেবেছিল রোদোয়ান হয়তো তার পার্শ্ববর্তী নিচট আত্মীয়দের বাড়িতে গিয়েছে, প্রায়ই যেত, কিন্তু স্বজনদের বাড়িতে যারনি। এরপর নিখোঁজের পরদিন পরিবারের সদস্যরা বিভিন্ন স্থানে খোঁজাখুঁজ করেন। গত ২০০৭ সালের ৩০ ডিসেম্বর স্থানীয়দের মাধ্যমে তারা জানতে পারেন, দক্ষিণ চরপাড়া দারোয়ার খালের পাশে দিদির মালিকের বাড়ির সামনে এক কিশোরের মরদেহ পাওয়া গেছে। পরে ভোলা পৌরসভার সরকারি গোরস্থানে মরদেহ দেখে পরিবারের সদস্যরা রোদোয়ানকে শনাক্ত করেন। মরদেহের মৃত্যু ও পলায় আঘাতের চিহ্ন ছিল বলে মামলার এজাহারে উল্লেখ করা হয়। এ ঘটনায় রোদোয়ানের বাবা আব্দুল হক বাদী হয়ে ২০০৭ সালের ৩০ ডিসেম্বর ভোলা সদর মডেল থানায় হত্যা মামলাটি দায়ের করেন, তদন্ত শেষে মামলাটির তত্ত্ব কর্মকর্তাগণ সৃজন ও ইলিয়াসকে আসামি করে মোাদালতে অভিযোগপত্র দাখিল করলে ২০০৯ সালের ২৩ জুন আসামিদের বিরুদ্ধে অভিযোগ গঠন করা হয়। পরে দীর্ঘ বিচারিক প্রক্রিয়া শেষে আদালত দুই আসামিকে যাবজ্জীবন কারাদণ্ড দেন। এ বিষয়ে ভোলা জেলা ও দায়রা জজ আদালতের পাবলিক প্রসিকিউটর (পিপি) মো. তৈয়ব বলেন, সাক্ষ্য প্রমাণ বিশ্লেষণ করে বিজ্ঞ আদালত আসামিদের যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন। এতে আমরা রাষ্ট্রপক্ষ পক্ষ ন্যায়বিচার পেয়েছি। সামান্য একটি মোবাইলের জন্য হত্যাভাণ্ড- এটি সামাজিক অবক্ষয়ের নমুনা, লোমহর্ষক নির্মম হত্যাকাণ্ড এটি। ভুক্তভোগীকে গলাটিগে হতার পর লাশ গুমের উদ্দেশ্যে খালে ফেলে দিয়েছিল আসাদিয়ার।

ভান্ডারিয়ায় ভারতীয় শাড়ি

ট্রাকটি জন্দ করা হয়েছে। এ ঘটনায় ভাগরিয়া থানায় বিশেষ ক্ষমতা আইনে একটি মামলা দায়ের করে গ্রেফতারদের আদালতে সোপর্দ করা হয়েছে।

বাউফলে দুই স্কুলের শিক্ষার্থীদের

কেন্দ্র করে দুই বিদ্যালয়ের কয়েকজন শিক্ষার্থীর মধ্যে কথা কাটাকাটি ও মারামারি হয়। ওই ঘটনার জেরে বৃহস্পতিবার বাউফল সরকারি মডেল মাধ্যমিক বিদ্যালয়ের নবম শ্রেণির ১৫ থেকে ২০ জন শিক্ষার্থী ইউনিফর্ম পরা অবস্থায় অলিপুরা এনামুল হক মামুন মাধ্যমিক বিদ্যালয়ের ক্যাম্পাসে যায়। প্রত্যক্ষদর্শীরা জানান, ওই সময় অলিপুরা এনামুল হক মামুন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল মাল্লান মোরিসাইকেলে করে বিদ্যালয়ে প্রবেশ করছিলেন। এসমুদে এ শিক্ষার্থীকে দেখে তিনি তাদের ক্রাসের আইরে থাকার কারণ জানতে চান। তারা নিজেরদের বাউফল সরকারি মডেল মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থী পরিচয় দিলে প্রধান শিক্ষক তাদের বিদ্যালয়ে আসার কারণ জানতে চান। একপর্যায়ে সায়েম (১৪) নামে এক শিক্ষার্থী ছেঁদন থেকে তাকে ধাক্কা দিয়ে দেয়। এতে প্রধান শিক্ষকের হাতে আঘাত লাগে। এ ঘটনার পর এনামুল হক মামুন মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীরা এগিয়ে এসে দুই পক্ষের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া ও সংঘর্ষ হয়। এনামুল হক মামুন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল মাল্লান বলেন, ‘ফুটবল খেলাকে কেন্দ্র করে আগের বিরোধের জেরে ১৫ থেকে ২০ জন শিক্ষার্থী আমাদের বিদ্যালয়ে আসে। তাদের আরো আসার কারণ জানতে চাইলে একজন ছেঁদন থেকে আমাকে ধাক্কা দিয়ে দেয়। এতে আমার শরীরে আঘাত লাগে। পরে দুই পক্ষের মধ্যে ধাওয়া পাল্টা ধাওয়া হয়। এ ঘটনায় আমার বিদ্যালয় অন্তত ১০জন শিক্ষার্থী আহত হয়।’ বাউফল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগেও চিকিৎসে ইি আর নাদিম শাকিল বলেন, ‘আহত সজীব ও আরাফতের মাথায় জখম রয়েছে। তাদের উন্নত চিকিৎসার জন্য পটুয়াখালী মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে।’ বাউফল থানার অফিসার ইনচার্জ (ওসি) সিরাজুল ইসলাম বলেন, ‘ঘটনায় জড়িত সন্দেহে ৯ শিক্ষার্থীকে থানায় আনা হয়েছিল। তাদের বয়স কম হওয়ায় মুচলেকা নিয়ে অভিভাবকদের জিম্মায় দেওয়া হয়েছে।’

চীনের জালে বন্দি দেশি

দেশত্যাগে বাধা দিতে পারবেন। অধিকার সংগঠনগুলোর মতে, এর মাধ্যমে নাগরিকদের আন্তর্জাতিকভাবে স্বীকৃত মৌলিক অ্রমণের অধিকারকে রীতিমতো সংকুচিত করা হয়েছে। ২০২৬ সালের ১৫ সেপ্টেম্বর থেকে কার্যকর হওয়া ১৮ ধারার ৮৪১ নম্বর অধ্যাদেশ অনুযায়ী, জাতীয় নিরাপত্তা বা ঝুঁকির কথা বলে যে কোনো মুহূর্তে নাগরিক বা বিদেশি নাগরিক ও পেশাজীবীদের চীন ছাড়ার ওপর নিষেধাজ্ঞা জারি করা যেতে পারে। হিউম্যান রাইটস ওয়াচের বিশ্লেণা অঞ্চলের উপ-পরিচালক মায়া ওয়াং সতর্ক করে বলেন, সরকার এখন নিজের জেহেমেতে সিদ্ধান্ত নেবে কে চীন ছেড়ে যেতে পারবে আর কে পারবে না। এতদিন কেবল অধিকারকর্মী বা জাতিগত সংখ্যালঘুদের ওপর নরনারির রাখা হতো, কিন্তু এখন চীন থাকা বিদেশিদেহ সবাইই নিজেরদের অ্রমণ স্বাধীনতা নিয়ে দৃষ্টিস্তা করার যথেষ্ট কারণ রয়েছে। নতুন

এ অধ্যাদেশে এমন কিছু শর্ত জুড়ে দেওয়া হয়েছে, যারা বাস্তব প্রয়োগ নিয়ে দেখা দিয়েছে বড় প্রশ্ন। নীমন্ত বা ইমিগ্রেশনে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তারা কোনো সুস্পষ্ট ব্যাখ্যা ছাড়াই যে কোনো দেশকে উচ্চ ঝুঁকিপূর্ণ ঘোষণা করে সেখানে যেতে নাগরিকদের নির্যাতিত বা নিরুৎসাহিত করতে পারবেন। এমনকি বিদেশযাত্রার কারণ সত্য ও বৈধ কি না, তা প্রমাণের দায় চাপানো হয়েছে সাধারণ যাত্রীর ওপরই, যদিও বৈধ কারণ বলতে আইনটি ঠিক কী বোঝাচ্ছে, তা স্পষ্ট নয়। সবচেয়ে আশঙ্কাজনক বিষয় হলো, অ্রমণ নিষেধাজ্ঞার আওতা ও গোপনীয়তা। বিদেশে কোনো অ্রস্পষ্ট আচরণে জাতীয় স্বার্থ ক্ষুণ্ন হওয়ার সামান্যতম অ্রজ্ঞহাতে যে কোনো নাগরিককে চীনা তিন বছরের জন্য নিষিদ্ধ করা যেতে পারে। নিয়ম অনুযায়ী কোনো ব্যক্তির বিরুদ্ধে এ ধরনের পদক্ষেপ নিলে তাকে নিষিদ্ধভাবে জানানোর কথা। কিন্তু জাতীয় নিরাপত্তা বা তদন্তের স্বার্থে সেই নোটিশও গোপন রাখতে পারবে কর্তৃপক্ষ। প্রযুক্তি ও বাণিজ্যের ক্ষেত্রেও এ আইনের ব্যবহার শুরু হয়ে গেছে। গত মার্চেই যেমন চীনের উদীয়মান এআই স্টার্টআপ মানুষের সহ-প্রতিষ্ঠাতাদের দেশত্যাগে আকস্মিক নিষেধাজ্ঞা দেওয়া হয় এবং পরে মার্কিন প্রতিষ্ঠান মোটার কাছে কোম্পানিটি বিক্রির প্রক্রিয়া আটকে দেওয়া হয়। একইভাবে, কোনো আনুষ্ঠানিক অভিযোগ ছাড়াই মার্কিন সরকারি কর্মকর্তা থেকে শুরু করে আন্তর্জাতিক ব্যাকের শীর্ষ নির্বাহীদের চীনে আটকে রাখার নজির তৈরি হয়েছে। গত এক দশকের জিনজিয়াং বা ভিক্সারের মতো সংবেদনশীল এলাকা ছাড়িয়ে এখন সাধারণ শিক্ষক, গবেষক এবং হাসপাতালের চিকিৎসকদের ওপরও পাসপোর্ট জমা রাখার কড়াকড়ি আরোপ করা হচ্ছে। দূনীতি দমন ও তথ্য ফাঁস রোখার অ্রজ্ঞহাতে বাড়ানো হচ্ছে প্রশাসনিক নিয়ন্ত্রণ। জাতিসংঘের মানবাধিকার নীতি অনুযায়ী, প্রত্যেক মানুষের যে কোনো দেশ ত্যাগ করার অধিকার রয়েছে। তবে চীনের এ নতুন অধ্যাদেশ সেই অধিকারকে চরমভাবে ক্ষুণ্ণ করছে বলে মনে করছেন বিশেষজ্ঞরা। আটকে পড়ার এ ভয় এখন বহু সাংবাদিক, গবেষক ও সাধারণ মানুষকে বাধ্য করছে আত্মরক্ষাদার বা নিজস্ব মতামত চেপে রাখার মতো কঠিন বাস্তবতাকে মেনে নিতে।

আবার মার্কিন হামলা হলে যুদ্ধ ভারত

(২৪ সেপ্টেম্বর) ইরানের ফার্স নিউজ এজেন্সিতে প্রকাশিত এক ভিডিও বার্তায় তিনি বলেন, পারস্য উপসাগর ও হরমুজ প্রণালি থেকে সংঘাত ইতোমধ্যে লোহিত সাগর পর্যন্ত ছড়িয়ে পড়েছে। নতুন করে যুদ্ধ শুরু হলে এর বিস্তৃতি আরও বাড়তে পারে। খবর খালিজ টাইমসের। সাক্ষাতি বলেন, সংঘাত যেহেতু পারস্য উপসাগর ও হরমুজ প্রণালি থেকে লোহিত সাগরে ছড়িয়ে পড়েছে, তাই নতুন করে যুদ্ধ শুরু হলে এই সংঘাতের পরিধি আরও বাড়তে পারে। এমনকি তা ভারত মহাসাগর এবং এর বাইরের এলাকাতেও ছড়িয়ে পড়ার আশঙ্কা রয়েছে। এএফপির প্রতিবেদনে বলা হয়েছে, ইরানি কর্মকর্তারা এর আগেও যুক্তরাষ্ট্রের হামলা পুনরায় শুরু হলে সংঘাতের ভৌগোলিক পরিসর বাড়ানোর হুমকি দিয়েছেন। তবে ভারত মহাসাগরের কথা সরাসরি উল্লেখ করার ঘটনা এবারই প্রথম বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। এদিকে ইয়েমেনের হুথিরা লোহিত সাগরের উপকূল ও কৌশলগত বাব আল-মান্দাব প্রণালির নিয়ন্ত্রণ আরও জোরদার করেছে। এ প্রণালি এশিয়া ও ইউরোপের মধ্যে গুরুত্বপূর্ণ নৌপথ হিসেবে ব্যবহৃত হয়। হরমুজ প্রণালিও সংঘাতের অন্যতম গুরুত্বপূর্ণ কেন্দ্র। বিশ্বের জ্বালানি সরবরাহের একটি গুরুত্বপূর্ণ অংশ এই নৌপথ দিয়ে পরিবাহিত হওয়ায় সংঘাতের বিস্তৃতি আন্তর্জাতিক বাণিজ্য ও জ্বালানি পরিবহনে নতুন ঝুঁকি তৈরি করতে পারে। তবে ভারত মহাসাগরে সংঘাত ছড়িয়ে পড়লে ইরান ঠিক কোন ধরনের সামরিক পদক্ষেপ নেবে বা কোন লক্ষ্যবস্তুতে হামলা হতে পারে, সে বিষয়ে সাক্ষাতি নির্দিষ্ট করে কিছু বলেননি।

হিজলায় বুদ্ধিপ্রতিবন্ধী নারী

তার মা। তবে সন্তানের পিতৃত্ব নিয়ে অনিশ্চয়তা দেখা দিয়েছে। মেহেরাজি জানান, মেয়েকে নিয়ে বিচারের আশায় তিনি এলাকার গণ্যমান্য ব্যক্তিদের কাছে গিয়েছেন। তবে তার অভিযোগের বিষয়ে কেউ এগিয়ে আসেননি বলে দাবি করেন তিনি। ঘটনাটি জানাজানি হওয়ার পর ভুক্তভোগী নারী ও তার মায়ের নিরাপত্তা এবং অনাগত সন্তানের ভবিষ্যৎ নিয়ে স্থানীয়দের মধ্যে উদ্বেগ দেখা দিয়েছে। অভিযোগের বিষয়ে বিস্তারভাবে হুমকি দেওয়া হচ্ছে বলেও দাবি করেছেন পরিবারের সদস্যরা। ঘটনার বিষয়ে সরজমিনে গেলে ভুক্তভোগী নারী ফারুক হোসেন নামে এক মিস্ত্রির নাম উল্লেখ করেন। তবে তিনি আত্মগোপনে থাকায় তার বক্তব্য নেওয়া সম্ভব হয়নি। অভিযোগের বিষয়ে তার বক্তব্য পাওয়া গেলে তা প্রতিবেদনে যুক্ত করা হবে। স্থানীয় বাসিন্দারা ঘটনার নিরপেক্ষ তদন্ত করে প্রকৃত ঘটনা উদ্‌ঘাটনের দাবি জানিয়েছেন। হরিনাথপুর ইউনিয়ন বিএনপির নেতা ছাত্রার মাঝি বলেন, প্রতিবন্ধী নারীর অসহায়ত্বের সুযোগ নিয়ে কেউ কোনো ধরনের অনৈতিক বা অপরাধমূলক কর্মকাণ্ড করে থাকলে তদন্ত করে আইনগত ব্যবস্থা নেওয়া জরুরি। একই সঙ্গে ভুক্তভোগী নারীকে সামাজিকভাবে হেয় না করে তার চিকিৎসা, নিরাপত্তা ও মানসিক সহায়তা নিশ্চিত করা প্রয়োজন। তিনি বলেন, ঘটনার সূহু তদন্তের মাধ্যমে প্রকৃত ঘটনা বের করে দারী ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়ার পাশাপাশি ভুক্তভোগী নারী ও তার অনাগত সন্তানের যথাযথ সুরক্ষা নিশ্চিত করতে হবে। হিজলা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. সেলায়ামান বলেন, এ ঘটনায় থানায় একটি মামলা হয়েছে। ভুক্তভোগী নারীকে সর্বাত্মক আইনি সহযোগিতা করা হবে। আসামিদের গ্রেপ্তারে অভিযান চলছে।

মাবানদীতে চার ট্রলারের জেলেদের মধ্যে সংঘর্ষে আহত ১০

মনসুর প্রতিনিধি

ভোলার মনপুরায় মেঘনা নদীতে মাছ ধরার জাল পাতাকে কেন্দ্র করে চার ট্রলারে জেলেদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে অন্তত ১০ জন আহতের খবর পাওয়া গেছে। এদের মধ্যে তিন জনেকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে দুই জেলের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় উন্নত চিকিৎসার জন্য ঢাকায় নিয়ে যাওয়া হয়েছে। আহত অন্য জেলেদের স্থানীয়সাবে চিকিৎসা দেওয়া হয়েছে। সর্বশেষ বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) বিষয়টি স্থানীয়ভাবে সমাধানের উদ্যোগ নেওয়া হয়েছে বলে জানিয়েছেন



বিএম কলেজ ও হাতেম আলি কলেজ ইসলামী ছাত্র আন্দোলনের যৌথ ম্যারাথন প্রতিযোগিতা

আজিজুল হাকিম সানি, বিএম কলেজ

ইসলামী ছাত্র আন্দোলন বাংলাদেশের ৩৫ তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে সরকারি ব্রজমোহন (বিএম) কলেজ ও সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ শাখার যৌথ আয়োজনে এক বর্ণাঢ্য ম্যারাথন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) সকাল ৬ টা ৩০ মিনিটে বিএম কলেজ জিরো পয়েন্ট থেকে ম্যারাথন প্রতিযোগিতা শুরু হয়ে হাতেম আলি কলেজে গিয়ে শেষ হয়। ম্যারাথন প্রতিযোগিতায় সংগঠনের সদস্যগণ এবং সাধারণ শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। ম্যারাথনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইসলামী ছাত্র আন্দোলন বাংলাদেশের কেন্দ্রীয় জরীয় বিশ্ববিদ্যালয় সম্পাদক ইব্রাহিম নাসরুল্লাহ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় শূরা সদস্য গাজী মুহাম্মদ রেওওয়ান। ম্যারাথন শেষে নেতৃবৃন্দ জানান, সুস্থ ও সুন্দর সমাজ গঠনে তরুণদের শারীরিক ও মানসিক বিকাশ, শৃঙ্খলাবোধ এবং পারস্পরিক সৌহার্দ্য বৃদ্ধির লক্ষ্যে এই ম্যারাথন প্রতিযোগিতার আয়োজন। তরুণ সমাজকে মাদক, অপরাধ ও নানা ধরনের অসামাজিক কর্মকাণ্ড থেকে দূরে রেখে সুস্থ, সচেতন ও দায়িত্বশীল নাগরিক হিসেবে গড়ে তুলতে খেলাধুলা ও শরীরচর্চার বিকল্প নেই। এ ধরনের আয়োজন তরুণদের মধ্যে শৃঙ্খলা, আত্মতৃপ্নোথ ও সূহ প্রভিযোগিতার মানসিকতা তৈরি করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। আয়োজকরা ভবিষ্যতেও শিক্ষার্থীদের কলাগা ও তরুণদের ইতিবাচক বিকাশে এ ধরনের সামাজিক ও ক্রীড়া কার্যক্রম অব্যাহত রাখার প্রত্যয় ব্যক্ত করেন।

মৎস্য আড়তদার ফারুক কোম্পানি ও হারুন সাহি। এর আগে বুধবার রাত ১২টায় উপজেলার হাজিরহাট ইউনিয়নের জলোরাখাল সংলগ্ন পূর্বপাশের মেঘনায় এই সংঘর্ষের ঘটনা ঘটে। আহতরা হলেন, রসিদ মোল্লা মাঝিসহ ট্রলারে থাকা নাহিদ, দুলু কাজী ও ইদ্রিস আলী মাঝি। এদের সবরা বাড়ি শরীয়তপুর জেলার বিভিন্ন গ্রামে। অপর আহত ৫ জেলের ফারুক কোম্পানি ও হারুন সাহি মৎস্য আড়তের ট্রলারের জেলে। আহত জেলে ও প্রত্যক্ষদর্শী জেলে সূত্রে জানা যায়, উপজেলার জলোরাখাল সংলগ্ন পূর্বপাশের মেঘনায় মাছ ঝিকটারের জন্য জেলা ফেঞ্চাল জলোরাখাল মৎস্য ঘাটের ওবায়দুলের আড়তে রসিদ মোল্লা মাছ ধরার ট্রলার। এই সময় ফারুক কোম্পানির মাছের আড়তের দুই ট্রলার ও হারুন সাহির মাছের আড়তের একটি ট্রলারের জেলেরা জাল ফেলতে বাধা দেয়। পরে ক্যা-কাটাকাটির একপর্যায়ে সংঘর্ষ বেধে যায়। এতে রসিদ মোল্লা ট্রলারে ৫ জেলে এবং তিন ট্রলারে থাকা ৫ জেলেসহ ১০ জেলে আহত হয়। আহতদের পাঁচ জনকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। অপর ৫ জেলেকে স্থানীয়ভাবে চিকিৎসা করা হয়। এই ব্যাপারে জলোরাখাল মৎস্য ঘাটের আড়তদার ওবায়দুল জানান, মেঘনায় জাল পাতা নিয়ে সংঘর্ষের ঘটনায় আড়তে মাছ দেওয়া চাঁদপুরের জেল রসিদ মোল্লাসহ ট্রলারে থাকা পাঁচ জেলেকে গিলিয়ে আহত করা হয়। মৎস্য আড়তদার ফারুক কোম্পানি ও হারুন সাহি জানান, মেঘনায় মাছ শিকারের সময় সংঘর্ষে ১০ জেলে আহত হয়। বিষয়টি স্থানীয়ভাবে সালিশ করে সমাধান করা হবে। মনপুরা থানার ওসি মাজাহারুল ইসলাম জানান, এই ব্যাপারে থানায় কেউ কোনো লিখিত অভিযোগ করেনি। লিখিত অভিযোগ পেলে আইনি ব্যবস্থা নেওয়া হবে।

পটুয়াখালী-ঢাকা বাসে অতিরিক্ত

ভাড়া আদায়, বিপাকে যাত্রীরা

পটুয়াখালী প্রতিনিধি

জ্বালানি তেলের দাম বাড়ার ঘোষণার পর পটুয়াখালী থেকে ঢাকাগামী বাসে অতিরিক্ত ভাড়া নেওয়ার অভিযোগ উঠেছে। জেলার বিভিন্ন কাউন্টারে যাত্রীপ্রতি ৫০ টাকা থেকে শুরু করে কোথাও কোথাও ১০০ টাকা পর্যন্ত বেশি নেওয়ার কথা জানিয়েছেন যাত্রীরা। তবে অভ্যন্তরীণ ও আন্তঃজেলা রুটের বাসগুলোতে এখনো নতুন ভাড়া কার্যকর করা হয়নি। পটুয়াখালীর সাকুরা পরিবহনের কাউন্টার ম্যানেজার রাভুল বলেন, ‘ঢাকা রুটের ভাড়া সমন্বয়ের নির্দেশনা পাওয়ার পর আগের ভাড়ার সঙ্গে ৫০ টাকা যোগ করে বর্তমানে যাত্রীপ্রতি ৭৫০ টাকা রাখা হচ্ছে।’ যাত্রী শিহাব উদ্দিন অভিযোগ করেন, সব কাউন্টারে এক নিয়ম মানা হচ্ছেনি। কোনো কোনো কাউন্টারে ১০০ টাকা পর্যন্ত বেশি নেওয়া হচ্ছে। আরেক যাত্রী মারুক আশঙ্কা প্রকাশ করে বলেন, বাসভাড়া বাড়ার ফলে পণ্য পরিবহন খরচও বেড়ে যাবে, যার প্রভাব পড়বে নিত্যপ্রয়োজনীয় পণ্যের বাজারে। গত ২২ সেপ্টেম্বর সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় এবং পরিবহন মালিকদের সম্মেলনের বৈঠকে বাসভাড়া প্রতি কিলোমিটারে ১৭ পয়সা বাড়ানো সিদ্ধান্ত হয়। এর ফলে দূরপাল্লার বাসের ভাড়া প্রতি কিলোমিটার ২ টাকা ২৩ পয়সা থেকে বেড়ে দাঁড়িয়েছে ২ টাকা ৪০ পয়সা। এর আগে ২০ সেপ্টেম্বর রাতে ডিজেল, কেরোসিন, পেট্রোল ও অকটেনের দাম লিটারপ্রতি ২০ টাকা বাড়ানো হয়েছিল। পটুয়াখালী বাস মালিক সমিতির সাধারণ সম্পাদক খন্দকার নাসির উদ্দিন বলেন, ‘জেলার অভ্যন্তরীণ ও আন্তঃজেলা রুটে এখনো নতুন ভাড়া কার্যকর করা হয়নি। আগামী এক-দুই দিনের মধ্যে মালিক সমিতির বৈঠকে সরকারি নির্ধারিত ভাড়া, জ্বালানি ব্যয় এবং সার্বিক পরিবহন খরচ বিবেচনা করে পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে।’

আগৈলঝাড়ায় কার্যক্রম নিষিদ্ধ

উপজেলা আ.লীগ নেতা গ্রেফতার

আগৈলঝাড়া প্রতিনিধি

বরিশালের আগৈলঝাড়া উপজেলায় সন্ত্রাসবিরোধী আইনে কার্যক্রম নিষিদ্ধ উপজেলা আওয়ামী লীগের প্রচার ও প্রকাশনা সম্পাদককে গ্রেফতার করেছে পুলিশ। বুধবার রাতে উপজেলার রত্নপুর ইউনিয়নের বারোহাজার গ্রামের নিজ বাড়ি থেকে তাকে গ্রেফতার করা হয় বলে জানিয়েছেন আগৈলঝাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ মাসুদ খান। গ্রেপ্তার ফরহাদ তালুকদার (৬২) বারোহাজার বরিয়ালী এলাকার মৃত মোহাম্মদ সাইহুর রহমানের ছেলে এবং তিনি কার্যক্রম নিষিদ্ধ উপজেলা আওয়ামী লীগের প্রচার ও প্রকাশনা সম্পাদক। ৭পুলিশ জানায়, সম্প্রতি সেরাল গ্রামে জনগণের মনে আতঙ্ক এবং ভীতি সৃষ্টি করে সড়কে মিছিল করার প্রকৃতিত নেয় কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের নেতাকর্মীরা। এতে ফরহাদ তালুকদারসহ নিষিদ্ধ আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা অংশ নেন। পরে এ ঘটনায় থানায় সন্ত্রাসবিরোধী আইনে মামলা করা হয়। সেই মামলায় পলাতক অজ্ঞাত আসামী হিসেবে ফরহাদ তালুকদারকে গ্রেফতার দেখানো হয়। আগৈলঝাড়া থানার ওসি মোহাম্মদ মাসুদ খান জানিয়েছেন, কার্যক্রম নিষিদ্ধ আওয়ামীলীগ নেতা ফরহাদ তালুকদারকে গতকাল বৃহস্পতিবার দুপুরে সন্ত্রাস বিরোধী আইনের একটি মামলায় গ্রেফতার দেখিয়ে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।

আবার মার্কিন হামলা হলে যুদ্ধ ভারত মহাসাগর পর্যন্ত ছড়িয়ে দিতে পারে ইরান

কীর্তনখোলা ডেস্ক

যুক্তরাষ্ট্র বা ইসরায়েল ফের হামলা চালালে মধ্যপ্রাচ্যের চলমান যুদ্ধ ভারত মহাসাগর পর্যন্ত ছড়িয়ে পড়তে পারে বলে ইশিয়ারি দিয়েছেন ইরানের সর্বোচ্চ নেতা মোজতবা খামেনির উপদেষ্টা ইয়াহিয়া রাহিম সাফাভি। বৃহস্পতিবার ৩ এর পাতায় দেখুন

কীর্তনখোলা

আত্মপ্রত্যাশী প্রতিদিন

বরিশাল ৯ শুক্রবার ৯ ২৫ সেপ্টেম্বর ২০২৬ ৯ ১২ আশ্বিন ১৪৩৩

চীনের জালে বন্দি দেশি বিদেশি নাগরিকরা

কীর্তনখোলা ডেস্ক

চীন ছেড়ে অন্য কোনো দেশে যাবেন? কিংবা কাজ শেষে নিজের দেশে ফিরবেন? এখন থেকে এ সাধারণ বিষয়টি আর অতটা সহজ নাও হতে পারে। চীনের নতুন এক সরকারি অধ্যাদেশের ফলে প্রশাসনিক কর্মকর্তারা চাইলেই যে কাউকে ৩ এর পাতায় দেখুন



বরিশালে ১৭৪ শ্রমজীবী পরিবার পেলো ৭৮ লাখ টাকার চিকিৎসা সহায়তা

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল জেলাসহ বিভাগের ১৭৪ জন শ্রমজীবী ও অসুস্থ পরিবারের মধ্যে ৭৮ লাখ ৬৫ হাজার টাকার চিকিৎসা সহায়তার চেক বিতরণ করা হয়েছে। বৃহস্পতিবার দুপুরে বরিশাল জেলা প্রশাসকের সভাকক্ষে জেলা প্রশাসন ও আঞ্চলিক শ্রম দপ্তরের আয়োজনে চিকিৎসা সহায়তার চেক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে শ্রমজীবী মানুষের মধ্যে সর্বনিম্ন ২০ হাজার থেকে সর্বোচ্চ ১ লাখ টাকা করে

মোট ৩০ লাখ ৫০ হাজার টাকার চেক বিতরণ করা হয়েছে। বৃহস্পতিবার দুপুরে বরিশাল জেলা প্রশাসকের সভাকক্ষে জেলা প্রশাসন ও আঞ্চলিক শ্রম দপ্তরের আয়োজনে চিকিৎসা সহায়তার চেক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে শ্রমজীবী মানুষের হাতে এসব চেক তুলে দেন জেলা প্রশাসক মো. মামুন খন্দকার। চেক বিতরণ অনুষ্ঠানে জেলা প্রশাসক মো. মামুন খন্দকার বলেন, 'সরকারি দুই, গরিব ও অসহায় মানুষের জন্য কাজ করে যাচ্ছে। বিশেষ করে যেসব শ্রমজীবী মানুষ প্রয়োজনীয় চিকিৎসাসেবা পায় না, সরকার সব সময় তাদের পাশে দাঁড়াচ্ছে। এরই অংশ হিসেবে বরিশাল ৩ এর পাতায় দেখুন

খন্দকার। চেক বিতরণ অনুষ্ঠানে জেলা প্রশাসক মো. মামুন খন্দকার বলেন, 'সরকারি দুই, গরিব ও অসহায় মানুষের জন্য কাজ করে যাচ্ছে। বিশেষ করে যেসব শ্রমজীবী মানুষ প্রয়োজনীয় চিকিৎসাসেবা পায় না, সরকার সব সময় তাদের পাশে দাঁড়াচ্ছে। এরই অংশ হিসেবে বরিশাল ৩ এর পাতায় দেখুন

ফেসবুক পোস্টকে কেন্দ্র করে প্রবাসীর বাড়িতে ভাঙচুর অগ্নিসংযোগ

ভাঙারিয়া প্রতিনিধি পিরোজপুরের ভাঙারিয়ায় ফেসবুকে বিতর্কিত পোস্ট দেওয়ার কেন্দ্র করে এক প্রবাসীর বসতঘরে ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে। এ ঘটনায় থানায় মামলা হয়েছে। মামলায় একজনকে গ্রেফতার করেছে পুলিশ। বুধবার রাত আনুমানিক সারে দশটার দিকে উপজেলার ৪নম্বর ইকুডি ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডে বেতাগী সিংখালী এলাকায় এ ঘটনা ঘটে। স্থানীয় ও থানা পুলিশ সূত্রে জানা যায়, বেতাগী সিংখালী এলাকার বাসিন্দা দুবাই প্রবাসী মো. আজম খান (৫০) তিনি দুবাই থেকে ফেসবুকে একটি বিতর্কিত পোস্ট দেন। সেই পোস্ট দেওয়ার কেন্দ্র করে স্থানীয় বাড়িরা ওই রাতে তার বাড়িতে হামলা চালায়। একপর্যায়ে হামলাকারীরা বাড়ির দেওয়ালয় উঠে ভাঙচুর করে এবং সেখানে অগ্নিসংযোগ করে। এতে ঘরের বিভিন্ন মালামাল ক্ষতিগ্রস্ত হয়। অগ্নিসংযোগ ও ভাঙচুরের খবর পেয়ে স্থানীয়রা বিষয়টি পুলিশকে জানানো ভাঙারিয়া থানা পুলিশ দ্রুত ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। পরে ঘটনাস্থল নিয়ে আইনগত প্রক্রিয়া শুরু হয়। এদিকে এঘটনার এলাকার আতঙ্ক ৩ এর পাতায় দেখুন

বাউফলে দুই স্কুলের শিক্ষার্থীদের সংঘর্ষ, প্রধান শিক্ষকসহ আহত ১০

বাউফল প্রতিনিধি

পটুয়াখালীর বাউফলে অলিপুরা এনামুল হক মাধ্যমিক বিদ্যালয় ও বাউফল সরকারি মডেল মাধ্যমিক বিদ্যালয়ের দুই শিক্ষার্থীদের মধ্যে সংঘর্ষে প্রধান শিক্ষকসহ অত্হ ১০ জন আহত হয়েছেন। এ ঘটনায় বাউফল সরকারি মডেল মাধ্যমিক বিদ্যালয়ের ৯ শিক্ষার্থীকে আটক করেছে পুলিশ। বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) বেলা পৌনে ১১টার দিকে উপজেলার অলিপুরা এনামুল হক মামুন মাধ্যমিক বিদ্যালয়ে এ ঘটনা ঘটে। আহতদের মধ্যে শিক্ষার্থী

সরকারি মডেল মাধ্যমিক বিদ্যালয়ের ৯ শিক্ষার্থীকে আটক করেছে পুলিশ। বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) বেলা পৌনে ১১টার দিকে উপজেলার অলিপুরা এনামুল হক মামুন মাধ্যমিক বিদ্যালয়ে এ ঘটনা ঘটে। আহতদের মধ্যে শিক্ষার্থী

সরকারি মডেল মাধ্যমিক বিদ্যালয়ের ৯ শিক্ষার্থীকে আটক করেছে পুলিশ। বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) বেলা পৌনে ১১টার দিকে উপজেলার অলিপুরা এনামুল হক মামুন মাধ্যমিক বিদ্যালয়ে এ ঘটনা ঘটে। আহতদের মধ্যে শিক্ষার্থী

মোবাইল বিক্রি না করায় কিশোরকে হত্যা, মামা-ভাগনের যাবজ্জীবন

ভোলা প্রতিনিধি

ভোলা সদর উপজেলায় মোবাইল বিক্রি না করায় কিশোরের রেসেয়ান রাসেলকে গলাটিপে মামলার দুই আসামির যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন আদালত। বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) দুপুরে ভোলা জেলা ও দায়রা জজ আদালত এ রায় ঘোষণা করেন। ডিসেম্বর সন্ধ্যা আনুমানিক ৭টার দিকে কিশোর জেলা ও দায়রা জজ শরীফ এ. এম. রেজা জাকের। রেসেয়ান রাসেল তার

দণ্ডপ্রাপ্তরা হলেন- সদর উপজেলার পশ্চিম ইলিশা ইউনিয়নের পাঞ্জাবিয়া গ্রামের লোকমান হোসেনের ছেলে মো. সাজন ও তার মামা ইলিয়াস। আদালত, মামলার এজাহার ও ভুক্তভোগী পরিবার সূত্রে জানা যায়, ২০০৭ সালের ২৮ ও ২৯ তারিখে কিশোর তার



ভাভারিয়ায় ভারতীয় শাড়ি পাঞ্জাবিসহ গ্রেফতার ৩

ভাভারিয়া প্রতিনিধি

পিরোজপুরের ভাভারিয়ায় চোরালানার মাধ্যমে শুদ্ধ ফাঁকি দিয়ে ভারত থেকে আনা ১৩ লাখ ২৬ হাজার টাকা মূল্যের শাড়ি ও পাঞ্জাবি উদ্ধার করেছে পুলিশ। এ ঘটনায় তিনজনকে গ্রেফতার করা হয়েছে। বুধবার (২৩ সেপ্টেম্বর) মধ্যরাত্রে উপজেলার আমান উল্লাহ কলেজের সামনে ভাভারিয়া-কাঠালিয়া পাকা সড়কে অভিযান চালিয়ে এসব পণ্য উদ্ধার করা হয়। গ্রেফতাররা হলেন- গোপালগঞ্জের কোটালিপাড়ার মো. বাকি বিল্লাহ সিকদার (৫৫), বরিশালের মুলাদী উপজেলার মো. শামীম বেপারী (৪৫) ও শরীয়তপুরের ডামুডা উপজেলার মো. সিয়াম সরদার (১৯)। পুলিশ সূত্র জানায়, গোপন সংবাদের ভিত্তিতে আমান উল্লাহ কলেজের সামনে একটি ট্রাকে তল্লাশি চালানো হয়। এ সময় বিভিন্ন ধরনের শাড়ি ও পাঞ্জাবি পাওয়া যায়। পুলিশ আরও জানায়, শুদ্ধ ফাঁকি দিয়ে ভারত থেকে এসব পণ্য আনা হয়েছিল। ভাভারিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. জগলুল হাসান বলেন, চোরালানাকৃত শাড়ি পরিবহনে ব্যবহৃত ৩ এর পাতায় দেখুন



নদীর বুকে ভাসমান হাসপাতাল মিলবে বিনামূল্যে উন্নত চিকিৎসা

মেহেন্দিগঞ্জ প্রতিনিধি

চিকিৎসা বঞ্চিত চর্যাঞ্চলের মানুষের জন্য সুখবর। মেহেন্দিগঞ্জে এসেছে সর্বাধুনিক ভাসমান মোবাইল হাসপাতাল-জাহাজ। মধ্যপ্রাচ্যের দাতা সংস্থার অর্থায়নে পরিচালিত জাহাজটির নাম KING ABDULLAH BIN ABDULLAZIZ MOBILE HOSPITAL (KAAP-MHB)-5। বুধবার জাহাজটি উপজেলার বিদ্যানন্দপুর ইউনিয়নে নোঙর করেছে। আগামী শনিবার থেকে সেখানে দুই মাসব্যাপী বিনামূল্যে চিকিৎসা সেবা চালু হবে। ৪উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডা. ইমরানুল হক জানান, প্রতিদিন ১৫০ থেকে ২০০ জন রোগী এখানে বিনামূল্যে চিকিৎসা ও ওষুধ পাবেন। নির্ধারিত দিনে চোখ, দাঁত ও হাড়ের বিশেষজ্ঞ চিকিৎসকরা সেবা দেবেন এবং ছোটখাটো অস্ত্রোপচারও বিনামূল্যে করা হবে। রোগীদের যাতায়াতের জন্য বিশেষ শাটল নৌযানের ব্যবস্থা রাখা হয়েছে। গতিনি আরও জানান, জাহাজটি উপজেলা সদরে স্থাপনের চেষ্টা করা হলেও স্থানীয় আপত্তির কারণে বিদ্যানন্দপুরে নিতে ৩ এর পাতায় দেখুন



মাদক মামলায় যাবজ্জীবন সাজাপ্রাপ্ত পলাতক আসামি গ্রেফতার

মুলাদী প্রতিনিধি

মাদক মামলায় যাবজ্জীবন কারাদণ্ডপ্রাপ্ত পরোয়ানাত্ত পলাতক মো. নুরুজ্জামানকে (৩০) গ্রেফতার করেছে পুলিশ ও পেশপাল রেসপন্স ব্যাটালিয়ন (এসআরবি)। বুধবার রাত্রে নারায়ণগঞ্জ জেলার সিদ্ধিগঞ্জ এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়। নুরুজ্জামান বরিশাল জেলার মুলাদী উপজেলার পূর্ব চর কুতুবপুর গ্রামের মৃত আবুল হোসেন চৌধুরীর ছেলে। মুলাদী থানার সহকারী উপপরিদর্শক (এএসআই) মো. ইব্রাহিম হাওলাদার জানান, ২০১৯ সালে ঢাকা মহানগরের কাজাবাড়া থানায় নুরুজ্জামানের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা হয়। পরবর্তীতে বিচারিক ৩ এর পাতায় দেখুন



আগৈলঝাড়ায় ছাদভিত্তিক সৌর বিদ্যুৎ সুবিধা নিয়ে সভা

আগৈলঝাড়া প্রতিনিধি

বাংলাদেশে সৌরবিদ্যুৎ, বিশেষ করে ছাদভিত্তিক সৌরবিদ্যুতের সুবিধা, সম্ভাবনা ও সম্প্রসারণের প্রতিবন্ধকতা নিয়ে আগৈলঝাড়া পল্লী বিদ্যুৎ জোনাল অফিসে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় সৌরবিদ্যুৎ বিষয়ের জনগণের জ্ঞান, প্রচলিত ভুল ধারণা, সম্ভাবনা ও বিদ্যমান প্রতিবন্ধকতা নিয়ে একটি নীতিগত উপস্থাপন করা হয়। গতকাল বৃহস্পতিবার সকালে উপজেলার বিভিন্ন ব্যবসায়ী ও রাজনৈতিক নেতৃবৃন্দের নিয়ে আগৈলঝাড়া ৩ এর পাতায় দেখুন



মহানগর যুবদলের যুগ্ম সাধারণ সম্পাদক মনির হোসেনের পরিবারকে সমবেদনা জানাতে তার বাসভবনে যান মহানগর বিএনপির সদস্য সচিব জিয়াউদ্দিন সিকদার

-কীর্তনখোলা

কম্পিউটার

কম্পিউটার

কম্পিউটার

কম্পিউটার

কম্পিউটার

কম্পিউটার

কম্পিউটার

কম্পিউটার

কম্পিউটার

কম্পিউটার

কম্পিউটার

কম্পিউটার

কম্পিউটার

কম্পিউটার

কম্পিউটার

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহমেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় : সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com